بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

عَبَسَ وَتَوَلّٰىٓ ۝١ اَنْ جَآءَهُ الْاَعْمٰى ۝٢ وَمَا يُدْرِيْكَ

১। 'আবাছা ওয়াতাওয়াল্লা- ২। আন্ জা-আহুল আ'মা-। ৩। ওয়া মা- ইয়ুদ্রীকা

১. সে (নবী) ভ্রূকুঞ্চিত করলো এবং (বিরক্ত হয়ে) মুখ ফিরিয়ে নিলো। ২. কারণ তার কাছে একজন অন্ধ লোক আসলো। ৩. কে তোমাকে জানাবে–

لَعَلَّهٗ يَزَّكّٰىٓ ۝٣ اَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرٰى ۝٤

লা'আল্লাহু ইয়াঝ্ঝাক্কা- ৪। আও ইয়্যাক্কারু ফাতান্ফা'আহুয যিক্রা-।

হয়তো সে (অন্ধ ব্যক্তিটি) পরিশুদ্ধ হতো। ৪. অথবা সে উপদেশ গ্রহণ করতো, অতঃপর উপদেশ তার জন্যে কল্যাণকর হতো;

اَمَّا مَنِ اسْتَغْنٰى ۝٥ فَاَنْتَ لَهٗ تَصَدّٰى ۝٦ وَمَا

৫। আম্মা- মানিছ তাগনা- ৬। ফাআন্তা লাহূ তাছদ্দা। ৭। ওয়া মা-

৫. অপরদিকে যে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করলো– ৬. তুমি তার দিকেই মনোযোগ দিলে। ৭. অথচ

عَلَيْكَ اَلَّا يَزَّكّٰى ۝٧ وَاَمَّا مَنْ جَآءَكَ يَسْعٰى ۝٨

'আলাইকা আল্লা- ইয়াঝ্ঝাক্কা। ৮। ওয়াআম্মা-মান জা–আকা ইয়াছ্'আ

তোমার উপর কোনো দায়িত্ব নেই– যদি সে পরিশুদ্ধ না হয়। ৮. অপরদিকে যে লোক তোমার কাছে দৌড়ে এসেছে,

وَهُوَ يَخْشٰى ۝٩ فَاَنْتَ عَنْهُ تَلَهّٰى ۝١٠ كَلَّآ اِنَّهَا

৯। ওয়া হুওয়া ইয়াখ্শা ১০। ফাআন্তা 'আন্হু তালাহ্হা-। ১১। কাল্লা- ইন্নাহা-

৯. আর সে (আল্লাহকে) ভয় করে। ১০. অথচ তুমি তাকে অবজ্ঞা করলে। ১১. কখনোই এরকম করবে না। নিশ্চয়

تَذْكِرَةٌ ۝١١ فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ۝١٢ فِيْ صُحُفٍ مُّكَرَّمَةٍ ۝١٣

তায্কিরাহ্। ১২। ফামান শা–আ যাকারাহ্। ১৩। ফী ছুহুফিম মুকার্‌রামাতিম্

এ (কুরআন) হলো উপদেশ বাণী, ১২. সুতরাং যে ইচ্ছা করবে সে এটা গ্রহণ করবে। ১৩. এটা সম্মানিত সহীফাসমূহে লিপিবদ্ধ,

مَّرْفُوْعَةٍ مُّطَهَّرَةٍ ۝١٤ بِاَيْدِيْ سَفَرَةٍ ۝١٥ كِرَامٍ

১৪। মারফূ 'আতিম মুত্বাহ্হারাতিম্ ১৫। বিআইদী ছাফারাতিন্ ১৬। কিরা-মিম

১৪. উঁচু মর্যাদাসম্পন্ন পবিত্র, ১৫. এটি সংরক্ষিত (এমন) লেখকদের হাতে, ১৬. (যারা) মর্যাদাসম্পন্ন

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ

بَرَرَةٍ ﴿١٦﴾ قُتِلَ الْإِنسَانُ مَا أَكْفَرَهُ ﴿١٧﴾ مِنْ أَيِّ

বারারাহ্। ১৭। কুতিলাল ইনছা-নু মা-আক্ফারাহ্। ১৮। মিন্ আইয়ি

পূত পবিত্র। ১৭. মানুষ ধ্বংস হয়ে গেলো! কোন্ জিনিস তাকে কাফির বানালো। ১৮. তিনি (আল্লাহ) কোন্ বস্তু থেকে তাকে

شَيْءٍ خَلَقَهُ ﴿١٨﴾ مِن نُّطْفَةٍ خَلَقَهُ فَقَدَّرَهُ ﴿١٩﴾ ثُمَّ

শাইয়িন্ খলাকাহ্। ১৯। মিন্ নুত্ব ফাতিন্; খলাক্বাহু ফাক্বদ্দারাহু ২০। ছুম্মাছ

সৃষ্টি করেছেন। ১৯. তিনি তাকে বীর্য থেকে সৃষ্টি করেছেন, অতঃপর তিনি তার তাকদীর নির্ধারণ করেছেন। ২০. অতঃপর

السَّبِيلَ يَسَّرَهُ ﴿٢٠﴾ ثُمَّ أَمَاتَهُ فَأَقْبَرَهُ ﴿٢١﴾ ثُمَّ إِذَا

ছাবীলা ইয়াছ্ছারাহু ২১। ছুম্মা আমা-তাহূ ফাআক্ববারাহু ২২। ছুম্মা ইযা

তিনি তার জন্যে চলার পথ সহজ করে দিয়েছেন, ২১. এরপর তিনি তাকে মৃত্যু দিয়েছেন, অতঃপর তাকে কবরে পৌঁছে দিলেন, ২২. আবার তিনি যখন

شَاءَ أَنشَرَهُ ﴿٢٢﴾ كَلَّا لَمَّا يَقْضِ مَا أَمَرَهُ ﴿٢٣﴾ فَلْيَنظُرِ

শা-আ আন্শারাহ। ২৩। কাল্লা-লাম্মা ইয়াক্বদি মা-আমারাহ্। ২৪। ফাল্ইয়ান্জুরিল

চাইবেন তাকে পুনরায় জীবিত করবেন। ২৩. কখনও নয়, তাকে তিনি যা আদেশ করলেন তা সে পালন করেনি। ২৪. অতএব

الْإِنسَانُ إِلَىٰ طَعَامِهِ ﴿٢٤﴾ أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا ﴿٢٥﴾

ইনছা-নু ইলা- ত্বা'আ-মিহ্। ২৫। আন্না-ছবাব্নাল মা-আ ছাব্বান্

মানুষ যেন তার খাদ্যের দিকে তাকিয়ে দেখে (এই খাদ্য তার সামনে এভাবে এসেছে), ২৫. আমি প্রচুর পরিমাণ পানি বর্ষণ করেছি,

ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ شَقًّا ﴿٢٦﴾ فَأَنبَتْنَا فِيهَا حَبًّا ﴿٢٧﴾

২৬। ছুম্মা শাক্বাক্বনাল আর্দা শাক্বক্বা- ২৭। ফাআম্বাত্না- ফীহা-হাব্বাওঁ

২৬. এরপর ভূমিকে খুব বিদীর্ণ করেছি, ২৭. এরপর তার মধ্যে উৎপন্ন করেছি শস্যদানা,

وَعِنَبًا وَقَضْبًا ﴿٢٨﴾ وَزَيْتُونًا وَنَخْلًا ﴿٢٩﴾ وَحَدَائِقَ

২৮। ওয়া'ইনাবাওঁ ওয়াক্বাদ্বা ২৯। ওয়া ঝাইতূনাওঁ ওয়ানাখ্লাওঁ ৩০। ওয়াহাদা-ইক্বা

২৮. আঙ্গুর ও শাকসবজি, ২৯. যয়তুন ও খেজুর, ৩০. ঘন উদ্যান,

غُلْبًا ﴿٣٠﴾ وَفَاكِهَةً وَأَبًّا ﴿٣١﴾ مَّتَاعًا لَّكُمْ وَلِأَنْعَامِكُمْ ﴿٣٢﴾

গুল্বাওঁ ৩১। ওয়াফা-কিহাতাওঁ ওয়াআব্বাম্ ৩২। মাতা-'আল্লাকুম ওয়ালিআন্'আ-মিকুম্।

৩১. ফলমূল ও ঘাস, ৩২. তোমাদের এবং তোমাদের পশুগুলির উপভোগের জন্যে।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

فَاِذَا جَآءَتِ الصَّآخَّةُ ﴿৩৩﴾ يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ اَخِيْهِ ﴿৩৪﴾

৩৩। ফাইযা–জা-আতিছ্ ছা– খ্খাহ্। ৩৪। ইয়াওমা ইয়াফিরুল্মারুউ মিন্ আখীহি

৩৩. সর্বশেষ যখন কর্ণ বিদারক বিকট ধ্বনি আসবে, ৩৪. সেদিন মানুষ পালাতে থাকবে, নিজের ভাই থেকে,

وَاُمِّهٖ وَاَبِيْهِ ﴿৩৫﴾ وَصَاحِبَتِهٖ وَبَنِيْهِ ﴿৩৬﴾ لِكُلِّ امْرِئٍ

৩৫। ওয়াউম্মিহী ওয়াআবীহ্ ৩৬। ওয়াছা-হিবাতিহী ওয়া বানীহ্। ৩৭। লিকুল্লিম্‌রিইম্

৩৫. নিজের মাতা ও পিতা থেকে, ৩৬. তার স্ত্রী ও তার সন্তানদের থেকেও। ৩৭. সেদিন তাদের প্রত্যেকের জন্যেই

مِّنْهُمْ يَوْمَئِذٍ شَاْنٌ يُّغْنِيْهِ ﴿৩৭﴾ وُجُوْهٌ يَّوْمَئِذٍ مُّسْفِرَةٌ ﴿৩৮﴾

মিনহুম ইয়াওমাইযিন্ শা'নুই ইয়ুগ্নীহ্। ৩৮। উজূহুই ইয়াওমাইযিম মুছফিরাতুন্

এমন অবস্থা হবে, তাকে আত্মকেন্দ্রিক বানিয়ে দিবে। ৩৮. অনেক চেহারা সেদিন উজ্জ্বল হবে,

ضَاحِكَةٌ مُّسْتَبْشِرَةٌ ﴿৩৯﴾ وَوُجُوْهٌ يَّوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ﴿৪০﴾

৩৯। দ-হিকাতুম মুছ্তাব্শিরাহ্। ৪০। ওয়া উজূহুই ইয়াওমাইযিন 'আলাইহা- গবারাতুন্

৩৯. সহাস্য ও প্রফুল্ল থাকবে। ৪০. এবং অনেক চেহারার উপর সেদিন ধুলাবালি পড়ে থাকবে,

تَرْهَقُهَا قَتَرَةٌ ﴿৪১﴾ اُولٰٓئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ ﴿৪২﴾

৪১। তার্হাকুহা- ক্বতারহ্। ৪২। উলা–ইকা হুমুল কাফারতুল ফাজারহ্।

৪১. মলিনতা সেগুলোকে আচ্ছন্ন করে রাখবে। ৪২. এ লোকেরাই হচ্ছে কাফির পাপিষ্ঠ।

রুকূ' ১ | সূরা-৮১ ঃ আত তাকবীর | আয়াত ২৯

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا الشَّمْسُ كُوِّرَتْ ﴿১﴾ وَاِذَا النُّجُوْمُ انْكَدَرَتْ ﴿২﴾

১। ইযাশ শামছু কুওয়্যিরাত্। ২। ওয়া ইযান্নুজূমুন কাদারত্।

১. যখন সূর্যকে আলোহীন করা হবে। ২. যখন তারাগুলো মলিন হয়ে পড়বে।

وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ ﴿৩﴾ وَاِذَا الْعِشَارُ عُطِّلَتْ ﴿৪﴾

৩। ওয়া ইযাল জিবা-লু ছুইয়িরত্। ৪। ওয়া ইযাল ই'শা-রু 'উত্বত্বিলাত্।

৩. যখন পর্বতমালাকে চলমান করে দেয়া হবে। ৪. যখন দশ মাসের গর্ভবতী উটনী উপেক্ষিত হবে।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ ﴿٥﴾ وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ ﴿٦﴾

৫। ওয়া ইযাল উহূশু হুশিরত্। ৬। ওয়া ইযাল বিহা-রু ছুজ্জিরত্।

৫. যখন বন্য জন্তুগুলোকে একত্র করা হবে। ৬. যখন সাগরসমূহকে (আগুন দ্বারা) প্রজ্বলিত করা হবে।

وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ ﴿٧﴾ وَإِذَا الْمَوْءُودَةُ سُئِلَتْ ﴿٨﴾

৭। ওয়া ইযান্নুফূছু ঝুওওয়ীজাত্। ৮। ওয়া ইযাল মাওঊদাতু ছুইলাত্।

৭. যখন (কবর থেকে উত্থিত) প্রাণসমূহকে (নিজ নিজ দেহের সাথে) জুড়ে দেয়া হবে। ৮. যখন জীবিত প্রোথিত কন্যাকে জিজ্ঞাসা করা হবে–

بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ ﴿٩﴾ وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ ﴿١٠﴾

৯। বিআইয়ি যাম্‌বিন কুতিলাত্। ১০। ওয়া ইযাছ ছুহুফু নুশিরত্।

৯. কোন্ অপরাধে সে নিহত হয়েছে। ১০. যখন আমলের নথিপত্র উন্মুক্ত হবে।

وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ ﴿١١﴾ وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ ﴿١٢﴾

১১। ওয়া ইযাছ ছামা–উ কুশিত্বত্। ১২। ওয়া ইযাল জাহীমু ছু'ইরত্।

১১. যখন আসমান আবরণ মুক্ত হবে। ১২. যখন জাহান্নাম প্রজ্বলিত হবে।

وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ ﴿١٣﴾ عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ ﴿١٤﴾

১৩। ওয়া ইযাল জান্নাতু উঝ্‌লিফাত্। ১৪। 'আলিমাত নাফ্‌ছুম মা–আহ্‌দারত্।

১৩. যখন জান্নাতকে (মানুষের) নিকট নিয়ে আসা হবে, ১৪. তখন প্রত্যেক ব্যক্তিই জানতে পারবে সে কি (আমলসহ) হাযির হয়েছে।

فَلَا أُقْسِمُ بِالْخُنَّسِ ﴿١٥﴾ الْجَوَارِ الْكُنَّسِ ﴿١٦﴾ وَاللَّيْلِ

১৫। ফালা উক্ব ছিমু বিল খুন্নাছিল্ ১৬। জাওয়া রিল কুন্নাছি ১৭। ওয়াল্ লাইলি

১৫. না, আমি শপথ করছি সেসব তারকাপুঞ্জের যা পিছনে সরে যায়, ১৬. চলমান হয় ও অদৃশ্য হয়ে যায়, ১৭. (শপথ) রাতের

إِذَا عَسْعَسَ ﴿١٧﴾ وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ ﴿١٨﴾ إِنَّهُ لَقَوْلُ

ইযা- 'আছ্‌আছা ১৮। ওয়াছ ছুব্‌হি ইযা- তানাফ্‌ফাছ ১৯। ইন্নাহূ লাক্বওলু

যখন তা নিঃশেষ হয়ে যায়, ১৮. (শপথ) প্রভাতের যখন তা (দিনের আলোয়) নিশ্বাস নেয়, ১৯. নিশ্চয় এ (কুরআন) হচ্ছে

رَسُولٍ كَرِيمٍ ﴿١٩﴾ ذِي قُوَّةٍ عِندَ ذِي الْعَرْشِ مَكِينٍ ﴿٢٠﴾

রছূলিন কারীমিন্ ২০। যী কুও ওয়াতিন 'ইন্দা যিল্ 'আর্‌শি মাকীনিম্

একজন সম্মানিত বার্তা বাহকের (নিয়ে আসা) বাণী, ২০ যিনি শক্তিশালী, আরশের অধিপতি আল্লাহর নিকট মর্যাদাশীল।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

مُّطَاعٍ ثَمَّ اَمِيۡنٍ ﴿٢١﴾ وَمَا صَاحِبُكُمۡ بِمَجۡنُوۡنٍ ﴿٢٢﴾

২১। মুত্বা-'ইন ছাম্মা-আমীন্। ২২। ওয়ামা- ছা-হিবুকুম বিমাজনূন্।
২১. যেখানে তাকে মান্য করা হয়, (অতঃপর) সে সেখানে গভীর আস্থাভাজনও। ২২. তোমাদের সাথী পাগল নয়।

وَلَقَدۡ رَاٰهُ بِالۡاُفُقِ الۡمُبِيۡنِ ﴿٢٣﴾ وَمَا هُوَ عَلَى الۡغَيۡبِ

২৩। ওয়ালাক্বদ রআ-হু বিল উফুক্বিল মুবীন্। ২৪। ওয়ামা- হুওয়া 'আলাল গইবি
২৩. সে তাকে (ফেরেশতাকে) প্রকাশ্য দিগন্তে দেখেছে। ২৪. অদৃশ্য জগতের কথা বলতে সে কখনো

بِضَنِيۡنٍ ﴿٢٤﴾ وَمَا هُوَ بِقَوۡلِ شَيۡطٰنٍ رَّجِيۡمٍ ﴿٢٥﴾ فَاَيۡنَ

বিদানীন্। ২৫। ওয়ামা- হুওয়া বিক্বওলি শাইত্বা-নির রজীম। ২৬। ফাআইনা
কার্পণ্য করে না। ২৫. এটা কোনো বিতাড়িত শয়তানের কথাও নয়। ২৬. অতএব তোমরা (কুরআন ছেড়ে) কোথায় যাবে?

تَذۡهَبُوۡنَ ﴿٢٦﴾ اِنۡ هُوَ اِلَّا ذِكۡرٌ لِّلۡعٰلَمِيۡنَ ﴿٢٧﴾ لِمَنۡ شَآءَ

তায্হাবূন্। ২৭। ইন্ হুওয়া ইল্লা- যিক্রুল লিল্ 'আ-লামীন ২৮। লিমান শা-আ
২৭. এটা বিশ্ববাসীর জন্য উপদেশ ছাড়া অন্য কিছুই নয়, ২৮. তোমাদের মধ্য হতে যে

مِنۡكُمۡ اَنۡ يَّسۡتَقِيۡمَ ﴿٢٨﴾ وَمَا تَشَآءُوۡنَ اِلَّاۤ اَنۡ يَّشَآءَ اللّٰهُ

মিনকুম আই ইয়াছ্তাক্বীম্। ২৯। ওয়া মা- তাশা-উনা ইল্লা- আই ইয়াশা-আল্লা-হু
সঠিক পথে চলতে চায় (এটা) তার জন্যেই (উপদেশ)। ২৯. তোমরা কিছুই ইচ্ছা করতে পারো না,

رَبُّ الۡعٰلَمِيۡنَ ﴿٢٩﴾

রব্বুল 'আ-লামীন।
মহা বিশ্বের প্রভু আল্লাহর অভিপ্রায় ব্যতীত।

রুকূ' ১ — সূরা-৮২ ঃ আল ইন্ফিত্বার — আয়াত ১৯

মক্কায় অবতীর্ণ

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

اِذَا السَّمَآءُ انۡفَطَرَتۡ ﴿١﴾ وَاِذَا الۡكَوَاكِبُ انۡتَثَرَتۡ ﴿٢﴾

১। ইযাছ ছামা-'উন ফাত্বরত্ ২। ওয়া ইযাল কাওয়া-কিবুন তাছারত্
১. যখন আসমান ফেটে চৌচির হবে। ২. যখন তারকাসমূহ ঝরে পড়বে।

পারা- ৩০

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

وَاِذَا الْبِحَارُ فُجِّرَتْ ۝٣ وَاِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ۝٤

৩। ওয়া ইযাল বিহা-রু ফুজজিরত্ ৪। ওয়া ইযাল কুবূরু বু'ছিরত্

৩. যখন সমুদ্রগুলোকে উত্তাল করে তোলা হবে। ৪. যখন কবরগুলো উপড়ে ফেলা হবে।

عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَاَخَّرَتْ ۝٥ يٰۤاَيُّهَا

৫। 'আলিমাত নাফ্ছুম মা-ক্বদ্দামাত ওয়া আখ্খারত্। ৬। ইয়া- আইয়ুহাল

৫. (তখন) প্রতিটি মানুষই জানতে পারবে, সে আগে ও পরে কি কাজ করেছে। ৬. হে

الْاِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيْمِ ۝٦ الَّذِىْ

ইন্ছা-নু মা-গর্রাকা বিরাব্বিকাল কারীমিল্ ৭। ল্লাযী

মানুষ, কোন্ জিনিস তোমাকে তোমার মহান প্রভুর ব্যাপারে ধোঁকায় ফেলে রেখেছে? ৭. যিনি

خَلَقَكَ فَسَوّٰىكَ فَعَدَلَكَ ۝٧ فِىْۤ اَىِّ صُوْرَةٍ مَّا

খালাক্কা ফাছাওওয়া-কা ফা'আদালাকা ৮। ফী- আইয়ি ছূরাতিম মা-

তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তিনি তোমাকে সোজা সুঠাম করেছেন এবং তোমাকে ভারসাম্যপূর্ণ করেছেন। ৮. তিনি যে আকারে চেয়েছেন

شَآءَ رَكَّبَكَ ۝٨ كَلَّا بَلْ تُكَذِّبُوْنَ بِالدِّيْنِ ۝٩ وَاِنَّ

শা-আ রক্কাবাক্। ৯। কাল্লা-বাল তুকায্যিবূনা বিদ্দীনি ১০। ওয়া ইন্না

সে আকার দিয়েই তোমাকে গঠন করেছেন। ৯. কখনও নয়, বরং তোমরা শেষ বিচারের দিনটিকে অস্বীকার করছো! ১০. অবশ্যই

عَلَيْكُمْ لَحٰفِظِيْنَ ۝١٠ كِرَامًا كَاتِبِيْنَ ۝١١ يَعْلَمُوْنَ

'আলাইকুম লাহাফিজীনা ১১। কিরামান্ কা-তিবীনা ১২। ইয়া'লামূনা

তোমাদের উপর পাহারাদার নিযুক্ত আছে, এরা হচ্ছে সম্মানিত লেখক (ফেরেশতা), ১২. তারা জানে

مَا تَفْعَلُوْنَ ۝١٢ اِنَّ الْاَبْرَارَ لَفِىْ نَعِيْمٍ ۝١٣ وَاِنَّ

মা-তাফ্'আলূন্। ১৩। ইন্নাল আবরা-রা লাফী নাঈম্। ১৪। ওয়া ইন্নাল

তোমরা যা কিছু করছো। ১৩. নিশ্চয় নেক লোকেরা (সেদিন) অফুরন্ত নেয়ামতের মধ্যে থাকবে। ১৪. আর অবশ্যই

الْفُجَّارَ لَفِىْ جَحِيْمٍ ۝١٤ يَّصْلَوْنَهَا يَوْمَ الدِّيْنِ ۝١٥

ফুজ জা-রা লাফী জাহীম। ১৫। ইয়াছ্লাওনাহা ইয়াওমাদ্দীন্।

পাপীরা থাকবে জাহীম নামক জাহান্নামে। ১৫. শেষ বিচারের দিন তারা সেখানে প্রবেশ করবে।

পারা- ৩০

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

وَمَا هُمْ عَنْهَا بِغَآئِبِيْنَ ﴿١٦﴾ وَمَآ اَدْرٰىكَ مَا يَوْمُ

১৬। ওয়া মা- হুম 'আন্‌হা বিগা–ইবীন। ১৭। ওয়া মা- আদ্‌রাকা- মা-ইয়াওমু
১৬. সেখান থেকে তারা অনুপস্থিত থাকবে না। ১৭. তোমাকে কে জানাবে যে,

الدِّيْنِ ﴿١٧﴾ ثُمَّ مَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الدِّيْنِ ﴿١٨﴾ يَوْمَ

দ্দীনি ১৮। ছুম্মা মা-আদ্‌রা-কা মা-ইয়াওমুদ্দীন্। ১৯। ইয়াওমা
শেষ বিচারের দিনটি কি? ১৮. পুনরায় বলছি, তোমাকে কে জানাবে যে, শেষ বিচারের দিনটি কি? ১৯. (তা হলো) যেদিন

لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْـًٔا ؕ وَالْاَمْرُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ﴿١٩﴾

লা- তাম্‌লিকু নাফছুল লিনাফ্‌ছিন শাইআ; ওয়াল আম্‌রু ইয়াওমাইযিল্ লিল্‌লাহ্।
কোনো মানুষই অন্য মানুষের কোনো কর্তৃত্ব পাবে না; সেদিন সব আদেশ প্রদানের ক্ষমতা (একচ্ছত্রভাবে) আল্লাহর জন্যে থাকবে।

রুকূ' ১ | সূরা-৮৩ : আল মুত্বাফ্ফিফীন মক্কায় অবতীর্ণ | আয়াত ৩৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ ﴿١﴾ الَّذِيْنَ اِذَا اكْتَالُوْا عَلَى

১। ওয়াইলুল লিল্ মুত্বাফফিফীন ২। আল্‌লাযীনা ইযাক তা-লূ 'আলান্
১. দুর্ভোগ পরিমাণে কম প্রদানকারীদের জন্যে, ২. যারা মানুষদের থেকে যখন মেপে নেয় তখন

النَّاسِ يَسْتَوْفُوْنَ ﴿٢﴾ وَاِذَا كَالُوْهُمْ اَوْ وَّزَنُوْهُمْ

না-ছি ইয়াছ্‌তাওফূন্। ৩। ওয়া ইযা কা-লূহুম আও ওয়াঝানূহুম
পুরোপুরি মেপে নেয়। ৩. আর যখন তাদের পরিমাপ অথবা ওজন করে দেয়

يُخْسِرُوْنَ ﴿٣﴾ اَلَا يَظُنُّ اُولٰٓئِكَ اَنَّهُمْ مَّبْعُوْثُوْنَ ﴿٤﴾

ইয়ুখ্‌ছিরূন্। ৪। আলা- ইয়াজুন্নু উলা–ইকা আন্‌নাহুম মাব'উছূন
তখন কম দেয়। ৪. এরা কি ভাবে না অবশ্যই তাদেরকে পুনরায় জীবিত করা হবে?

لِيَوْمٍ عَظِيْمٍ ﴿٥﴾ يَّوْمَ يَقُوْمُ النَّاسُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٦﴾

৫। লিইয়াওমিন 'আজীম ৬। ইয়াওমা ইয়াকূ মুন্‌না-ছু লিরাব্‌বিল 'আ-লামীন্।
৫. এক মহাদিবসের জন্যে, ৬. সেদিন সমস্ত মানুষ মহাবিশ্বের প্রভুর সামনে দাঁড়াবে।

كَلَّآ إِنَّ كِتَـٰبَ ٱلْفُجَّارِ لَفِى سِجِّينٍ ۝٧ وَمَآ أَدْرَىٰكَ

৭। কাল্লা- ইন্না কিতা-বাল ফুজ্জা-রি লাফী ছিজ্জীন্। ৮। ওয়া মা- আদ্‌রা-কা
৭. কখনো না, অবশ্যই গুনাহগারদের আমলনামা 'সিজ্জীনে' থাকবে। ৮. তোমাকে কিসে জানিয়ে দেবে যে,

مَا سِجِّينٌ ۝٨ كِتَـٰبٌ مَّرْقُومٌ ۝٩ وَيْلٌ يَوْمَئِذٍ

মা-ছিজ্জীন। ৯। কিতা-বুম মার্‌কূম্। ১০। ওয়াই লুঁই ইয়াওমাইযিল
সিজ্জীন কি? ৯. (তা হলো) লিখিত একটা বই। ১০. সেদিন

لِّلْمُكَذِّبِينَ ۝١٠ ٱلَّذِينَ يُكَذِّبُونَ بِيَوْمِ ٱلدِّينِ ۝١١

লিল্‌মুকায্‌যিবীন ১১। আল্লাযীনা ইয়ুকায্‌যিবূনা বিইয়াওমিদ্দীন্।
মিথ্যা সাব্যস্তকারীদের জন্যে ধ্বংস অনিবার্য– ১১. যারা শেষ বিচারের দিনটিকে মিথ্যা বলতো।

وَمَا يُكَذِّبُ بِهِۦٓ إِلَّا كُلُّ مُعْتَدٍ أَثِيمٍ ۝١٢ إِذَا تُتْلَىٰ

১২। ওয়া মা- ইয়ুকায্‌যিবু বিহী-ইল্লা-কুল্লু মু'তাদিন আছীম। ১৩। ইযা- তুত্‌লা
১২. (আসলে) প্রতিটি সীমালংঘনকারী পাপিষ্ঠ লোক ছাড়া কেউই এ (বিচার দিনটি)-কে মিথ্যা সাব্যস্ত করে না, ১৩. যখন তার

عَلَيْهِ ءَايَـٰتُنَا قَالَ أَسَـٰطِيرُ ٱلْأَوَّلِينَ ۝١٣ كَلَّا ۖ بَلْ ۜ

'আলাইহি আ-ইয়া-তুনা ক্বা-লা আছা-ত্বীরুল আওয়ালীন্। ১৪। কাল্লা বাল
সামনে আমার আয়াতসমূহ তিলাওয়াত করা হয় তখন সে বলে, এগুলো হচ্ছে আগের যুগের কল্পকাহিনী। ১৪. কখনো নয়, বরং

رَانَ عَلَىٰ قُلُوبِهِم مَّا كَانُوا۟ يَكْسِبُونَ ۝١٤ كَلَّآ إِنَّهُمْ

র-না 'আলা- ক্বুলূ বিহিম মা- কা-নূ ইয়াক্‌ছিবূন্। ১৫। কাল্লা- ইন্নাহুম
এদের কৃতকর্ম এদের মনের উপর মরিচা লাগিয়ে দিয়েছে। ১৫. কখনো না, অবশ্যই

عَن رَّبِّهِمْ يَوْمَئِذٍ لَّمَحْجُوبُونَ ۝١٥ ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا۟

'আর্‌রাব্বিহিম ইয়াওমাইযিল লামাহ্‌জূবূন্। ১৬। ছুম্মা ইন্নাহুম লাছা-লুল
এরা সেদিন তাদের প্রভুর (দিদার) থেকে বঞ্চিত থাকবে। ১৬. এরপর তারা অবশ্যই

ٱلْجَحِيمِ ۝١٦ ثُمَّ يُقَالُ هَـٰذَا ٱلَّذِى كُنتُم بِهِۦ

জাহীম্। ১৭। ছুম্মা ইয়ুক্বা-লু হাযাল্লাযী কুন্‌তুম বিহী
জাহান্নামের মধ্যে প্রবেশকারী হবে। ১৭. তারপর (তাদের) বলা হবে, এ হচ্ছে (সেই জাহান্নাম) যাকে তোমরা

تُكَذِّبُوْنَ ﴿١٧﴾ كَلَّآ اِنَّ كِتٰبَ الْاَبْرَارِ لَفِيْ عِلِّيِّيْنَ ﴿١٨﴾

তুকাযযিবূন্। ১৮। কাল্লা- ইন্না- কিতা-বাল আব্রা-রি লাফী 'ইল্লিয়্যীন্।
মিথ্যা মনে করতে; ১৮. কখনো না, অবশ্যই নেককার লোকদের আমলনামা রক্ষিত থাকবে ইল্লিয়্যীনে।

وَمَآ اَدْرٰىكَ مَا عِلِّيُّوْنَ ﴿١٩﴾ كِتٰبٌ مَّرْقُوْمٌ ﴿٢٠﴾ يَّشْهَدُهُ

১৯। ওয়া মা- আদ্রা-কা-মা 'ইল্লিইয়ূন্। ২০। কিতা-বুম মার্কুমুই ২১। ইয়াশ্হাদুহুল
১৯. তোমাকে কে জানাবে– 'ইল্লিয়্যীন' কি? ২০. (এটা হচ্ছে) একটি লিখিত বই, ২১. নিকটতম ফেরেশতারা

الْمُقَرَّبُوْنَ ﴿٢١﴾ اِنَّ الْاَبْرَارَ لَفِيْ نَعِيْمٍ ﴿٢٢﴾ عَلَى الْاَرَآئِكِ

মুক্বার্রবূন। ২২। ইন্নাল আব্রা-রা লাফী নাঈমিন্ ২৩। 'আলাল আরা-ইকি
তা দেখাশুনা করেন। ২২. নিঃসন্দেহে নেককার লোকেরা অফুরন্ত নেয়ামতের মধ্যে থাকবে। ২৩. উচ্চ আসনে বসে

يَنْظُرُوْنَ ﴿٢٣﴾ تَعْرِفُ فِيْ وُجُوْهِهِمْ نَضْرَةَ النَّعِيْمِ ﴿٢٤﴾

ইয়ান্জুরূন ২৪। তা'রিফু ফী উজূহিহিম নাদরতান নাঈম্।
তারা (দৃশ্যাবলী) প্রত্যক্ষ করবে। ২৪. তুমি তাঁদের চেহারার মধ্যে স্বাচ্ছন্দ্যের সজীবতা বুঝতে পারবে।

يُسْقَوْنَ مِنْ رَّحِيْقٍ مَّخْتُوْمٍ ﴿٢٥﴾ خِتٰمُهٗ مِسْكٌ

২৫। ইয়ুছ্ক্বওনা মির রহীক্বিম মাখ্তূমিন্ ২৬। খিতা-মুহূ মিছ্কুন;
২৫. ছিপি আঁটা (বোতল) থেকে বিশুদ্ধ পানীয় তাদের পান করানো হবে, ২৬. তার সীল গালা হলো কস্তুরীর সুগন্ধি;

وَفِيْ ذٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُوْنَ ﴿٢٦﴾ وَمِزَاجُهٗ

ওয়াফী যা-লিকা ফাল্ইয়াতানা-ফাছিল মুতানা-ফিছূন্। ২৭। ওয়ামিঝা-জুহূ
এটা লাভের জন্য সকল প্রতিযোগীদের প্রতিযোগিতা করা উচিত। ২৭. তার মিশ্রণ থাকবে

مِنْ تَسْنِيْمٍ ﴿٢٧﴾ عَيْنًا يَّشْرَبُ بِهَا الْمُقَرَّبُوْنَ ﴿٢٨﴾

মিন্ তাছনীমিন্ ২৮। 'আইনাইঁ ইয়াশ্রবু বিহাল মুক্বার্রাবূন্।
তাসনীমের পানি, ২৮. (তাসনীম) এমন একটি ঝর্ণাধারা– সেখান থেকে নৈকট্যলাভকারীরাই পান করবে।

اِنَّ الَّذِيْنَ اَجْرَمُوْا كَانُوْا مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا يَضْحَكُوْنَ ﴿٢٩﴾

২৯। ইন্নাল্লাযীনা আজ্রামূ কা-নূ মিনাল্লাযীনা আ-মানূ ইয়াদহাকূন্।
২৯. অবশ্যই যারা অপরাধ করেছে তারা ঈমানদারদের সাথে বিদ্রূপ করতো,

পারা- ৩০

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ ﴿٣٠﴾ وَإِذَا انْقَلَبُوا إِلَىٰ

৩০। ওয়া ইযা- মার্‌রূ বিহিম ইয়াতাগা-মাযূন্। ৩১। ওয়া ইযান ক্বলাবূ- ইলা-

৩০. তারা যখন এদের পাশ দিয়ে আসা যাওয়া করতো, তখন তারা পরস্পর চোখের ইশারায় কটাক্ষ করতো। ৩১. যখন তারা নিজেদের পরিবারের লোকদের কাছে ফিরে যেতো,

أَهْلِهِمُ انْقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾ وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ

আহ্‌লিহিমুন ক্বলাবূ ফাকিহীন্। ৩২। ওয়া ইযা- রাআওহুম ক্বা-লূ- ইন্‌না

তখন খুব উৎফুল্ল হয়েই ফিরতো। ৩২. তারা যখন এদের দেখতো তখন বলতো, অবশ্যই

هَٰؤُلَاءِ لَضَالُّونَ ﴿٣٢﴾ وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ﴿٣٣﴾

হা-উলা-ই লাদা-ল্লূন ৩৩। ওয়া মা- উর্‌ছিলূ 'আলাইহিম হা-ফিজীন্।

এরা পথভ্রষ্ট। ৩৩. (অথচ) এদেরকে তাদের ওপর রক্ষক হিসাবে পাঠানো হয়নি।

فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ﴿٣٤﴾

৩৪। ফাল্‌ইয়াওমাল্ লাযীনা আ-মানূ মিনাল কুফ্‌ফা-রি ইয়াদহাকূন।

৩৪. অতএব আজ ঈমানদার ব্যক্তিরা কাফেরদের সম্পর্কে হাসা হাসি করবে।

عَلَى الْأَرَائِكِ يَنْظُرُونَ ﴿٣٥﴾ هَلْ ثُوِّبَ الْكُفَّارُ

৩৫। 'আলাল আরা–ইকি ইয়ান্‌জুরূন্। ৩৬। হাল ছুওয়িবাল কুফ্‌ফা-রু

৩৫. (ঈমানদার লোকগণ) উঁচু আসনে আসিন হয়ে দেখতে থাকবে; ৩৬. (তোমার কি মনে হয়) কাফেরদের কি তাদের

مَا كَانُوا يَفْعَلُونَ ﴿٣٦﴾

মা-কানূ ইয়াফ্‌'আলূন।

কর্মের প্রতিদান দেয়া হবে না?

রুকূ' ১ — সূরা-৮৪ ঃ আল ইন্‌শিক্বাক্ব — আয়াত ২৫

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

إِذَا السَّمَاءُ انْشَقَّتْ ﴿١﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٢﴾

১। ইযাছ ছামা–'উন শাক্বক্বত্ ২। ওয়াআযিনাত লিরব্বিহা-ওয়াহুক্বক্বত্

১. যখন আসমান ফেটে যাবে। ২. সে তার প্রভুর নির্দেশ পালন করবে এবং এই নির্দেশ পালনই তার দায়িত্ব।

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ۝٣ وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ۝٤

৩। ওয়া ইযাল আর্‌দু মুদ্‌দাত্‌ ৪। ওয়াআলক্বত মা-ফীহা-ওয়াতাখল্‌লাত্‌
৩. যখন পৃথিবী সম্প্রসারিত হবে। ৪. এবং সে তার মধ্যের সবকিছু নিক্ষেপ করবে এবং শূন্য হয়ে যাবে।

وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝٥ يَا أَيُّهَا الْإِنْسَانُ

৫। ওয়াআযিনাত লিরব্‌বিহা- ওয়াহুক্কক্বত্‌। ৬। ইয়া- আইয়ুহাল ইন্‌ছা-নু
৫. সে তার প্রভুর নির্দেশ পালন করবে এবং ঐ নির্দেশ পালন করা তার কর্তব্য। ৬. হে মানুষ,

إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ۝٦ فَأَمَّا مَنْ

ইন্‌নাকা কা-দিহুন ইলা- রব্‌বিকা কাদ্‌হান ফামুলাক্বীহ্‌। ৭। ফাআম্‌মা- মান্‌
তুমি তোমার প্রভুর দিকে এক তীব্র আকর্ষণে এগিয়ে চলছো; অতঃপর তুমি তাঁর সাক্ষাতকারী হবে। ৭. তারপর যার

أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ۝٧ فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا

উতিইয়া কিতা-বাহূ বিইয়ামিনিহী ৮। ফাছাওফা ইয়ুহা-ছাবু হিছা-বাই
আমলনামা তার ডান হাতে দেয়া হবে, ৮. অচিরেই সহজভাবে তার হিসাব গ্রহণ করা হবে।

يَسِيرًا ۝٨ وَيَنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ۝٩ وَأَمَّا مَنْ

ইয়াছীরা ৯। ওয়া ইয়ান্‌ক্বালিবু ইলা- আহ্‌লিহী মাছরূরা। ১০। ওয়া আম্‌মা- মান্‌
৯. সে আনন্দিত হয়ে নিজ পরিবার-এর কাছে ফিরে যাবে। ১০. পক্ষান্তরে যার

أُوتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ۝١٠ فَسَوْفَ يَدْعُو ثُبُورًا ۝١١

উতিইয়া কিতা-বাহূ ওয়ারা–আ জাহ্‌রিহী। ১১। ফাছাওফা ইয়াদ্‌'উ ছুবূরাও
আমলনামা তার পিঠের পেছন দিক থেকে দেয়া হবে, ১১. সে তখন মৃত্যুকেই ডাকতে থাকবে।

وَيَصْلَىٰ سَعِيرًا ۝١٢ إِنَّهُ كَانَ فِي أَهْلِهِ مَسْرُورًا ۝١٣

১২। ওয়া ইয়াছ্‌লা-ছা'ঈরা। ১৩। ইন্‌নাহূ কা-না ফী-আহ্‌লিহী মাছরূরা।
১২. এবং সে জ্বলন্ত আগুনে প্রবেশ করবে। ১৩. কেননা সে (দুনিয়ার জীবনে) নিজ পরিবার পরিজনের মধ্যে আমোদ ফূর্তিতে লিপ্ত ছিলো।

إِنَّهُ ظَنَّ أَنْ لَنْ يَحُورَ ۝١٤ بَلَىٰ ۚ إِنَّ رَبَّهُ كَانَ بِهِ

১৪। ইন্‌নাহূ জন্‌না আল্‌লাই ইয়াহূর। ১৫। বালা- ইন্‌না রব্‌বাহূ কা-না বিহী
১৪. সে ভেবেছিলো, যে কখনো (আল্লাহর কাছে) ফিরে যাবে না, ১৫. হ্যাঁ, তাকে ফিরে যেতেই হবে। কারণ তার প্রভু তাকে

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ

بَصِيرًا ﴿١٥﴾ فَلَآ أُقْسِمُ بِالشَّفَقِ ﴿١٦﴾ وَالَّيْلِ وَمَا وَسَقَ ﴿١٧﴾

বাছীরা। ১৬। ফালা-উক্বছিমু বিশ্‌শাফাক্ব ১৭। ওয়াল্ লাইলি ওয়া মা- ওয়াছাক্ব
পর্যবেক্ষণ করছেন। ১৬. না, আমি শপথ করছি সান্ধ্যকালীন রক্তিম আভার– ১৭. এবং শপথ রাতের ও রাত যা কিছু আচ্ছন্ন করে তার–

وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ﴿١٨﴾ لَتَرْكَبُنَّ طَبَقًا عَن

১৮। ওয়াল্ ক্বমারি ইযাত্‌তাছাক্ব ১৯। লাতারকাবুন্না ত্ববাক্বন্ 'আন্
১৮. চাঁদের শপথ, যখন তা পূর্ণাঙ্গ চাঁদে পরিণত হয়ে যায়, ১৯. তোমরা অবশ্যই একটি স্তর থেকে

طَبَقٍ ﴿١٩﴾ فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾ وَإِذَا قُرِئَ

ত্ববাক্ব। ২০। ফামা- লাহুম লা- ইয়ু'মিনূন ২১। ওয়াইযা-কুরিআ
আরেকটি স্তরে অগ্রসর হবে। ২০. তাদের কি হয়েছে? তারা ঈমান গ্রহণ করছে না, ২১. যখন তাদের সামনে

সেজদা

عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ﴿٢١﴾ بَلِ الَّذِينَ

'আলাইহিমুল কুর্‌আ-নু লা-ইয়াছ্‌জুদূন্। ২২। বালিল্লাযীনা
কুরআন পড়া হয়, তখন এরা সাজদা করে না? ২২. বরং যারা

كَفَرُوا يُكَذِّبُونَ ﴿٢٢﴾ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ﴿٢٣﴾

কাফারূ ইয়ুকায্‌যিবূন। ২৩। ওয়াল্লা-হু আ'লামু বিমা- ইয়ূ'উন।
কাফির, তারাই একে মিথ্যা প্রতিপন্ন করে। ২৩. আর আল্লাহ ভালো করেই জানেন (আমলনামায়) তারা কী সঞ্চয় করছে?

فَبَشِّرْهُم بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢٤﴾ إِلَّا الَّذِينَ آمَنُوا

২৪। ফাবাশ্‌শির্‌হুম বি'আযা-বিন আলীম। ২৫। ইল্লাল্ লাযীনা আ-মানূ
২৪. (হে নবী,) তাদেরকে তুমি এক যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও, ২৫. তবে যারা ঈমান এনেছে

وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ﴿٢٥﴾

ওয়া'আমিলুছ্ ছা-লিহা-তি লাহুম আজরুন গইরু মাম্‌নূন্।
এবং ভালো কাজ করেছে, তাদের জন্যে রয়েছে অফুরন্ত পুরস্কার।

রুকূ' ১ — সূরা-৮৫ ঃ আল বুরূজ — আয়াত ২২

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্

وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ۝١ وَالْيَوْمِ الْمَوْعُودِ ۝٢

১। ওয়াছ্ ছামা-ই যা-তিল বুরূজ ২। ওয়াল্ ইয়াওমিল মাও'উদ

১. শপথ গ্রহ-নক্ষত্র বিশিষ্ট আকাশের, ২. (শপথ) প্রতিশ্রুতি দেয়া দিবসের,

وَشَاهِدٍ وَمَشْهُودٍ ۝٣ قُتِلَ أَصْحَابُ الْأُخْدُودِ ۝٤

৩। ওয়া শা-হিদিওঁ ওয়ামাশ্হূদ। ৪। কুতিলা আছ্হা-বুল উখদূদ

৩. শপথ দর্শকের এবং যা পরিদৃষ্ট হয়। ৪. ধ্বংস হয়েছে গর্তের কর্তারা;

النَّارِ ذَاتِ الْوَقُودِ ۝٥ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ ۝٦ وَهُمْ عَلَىٰ

৫। আন্না-রি যা-তিল ওয়াকূদ ৬। ইয্হুম 'আলাইহা- কুঊদুওঁ ৭। ওয়া হুম 'আলা-

৫. গর্তগুলো বহু ইন্ধন বিশিষ্ট আগুন দ্বারা পরিপূর্ণ ছিলো। ৬. যখন তারা গর্তের কিনারার উপর বসা ছিলো। ৭. তারা

مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ ۝٧ وَمَا نَقَمُوا مِنْهُمْ

মা- ইয়াফ্'আলূনা বিল্ মুমিনীনা শুহূদ। ৮। ওয়া মা- নাক্বামূ মিনহুম

মু'মিনদের সাথে যা করছিলো তা প্রত্যক্ষ করছিলো। ৮. তারা এ (মু'মিন)-দের থেকে একমাত্র এই কারণে প্রতিশোধ নিয়েছিলো যে,

إِلَّا أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ الْعَزِيزِ الْحَمِيدِ ۝٨ الَّذِي لَهُ

ইল্লা- আইঁ ইয়ু'মিনূ বিল্ লা-হিল 'আযীঝিল হামীদ ৯। আল্লাযী লাহূ

তারা পরাক্রমশালী ও প্রশংসিত আল্লাহর উপর ঈমান এনেছিলো। ৯. (এমন এক সত্তার উপর) যার জন্যে

مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ۝٩

মুল্কুছ ছামা-ওয়া-তি ওয়াল আর্‌দ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইইন শাহীদ।

আসমানসমূহ ও যমীনের মালিকানা; আর আল্লাহ সকল কিছুর উপর সাক্ষী।

إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ

১০। ইন্নাল্লাযীনা ফাতানুল মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ছুম্মা

১০. অবশ্যই যারা মু'মিন পুরুষ ও নারীদেরকে নিপীড়ন করেছে, তারপর

لَمْ يَتُوبُوا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيقِ ۝١٠

লাম ইয়াতূবূ ফালাহুম 'আযা-বু জাহান্নামা ওয়ালাহুম 'আযা-বুল হারীক্ব।

তারা তাওবাও করেনি, তাদের জন্যে রয়েছে জাহান্নামের শাস্তি এবং তাদের জন্যে রয়েছে দগ্ধ করা আগুনের শাস্তি।

পারা- ৩০

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

إِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتٌ

১১। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ ছ-লিহা-তি লাহুম জান্না-তুন
১১. অবশ্যই যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তাদের জন্যে রয়েছে এমন জান্নাত–

تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ ذٰلِكَ الْفَوْزُ الْكَبِيْرُ ﴿١١﴾

তাজ্‌রী মিন্‌ তাহ্‌তিহাল আন্‌হা-রু; যা-লিকাল ফাওঝুল কাবীর্‌।
যার নিচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত; ওই জান্নাত লাভ হচ্ছে সবচেয়ে বড় সাফল্য।

اِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيْدٌ ﴿١٢﴾ اِنَّهٗ هُوَ يُبْدِئُ

১২। ইন্‌না বাত্বশা রব্‌বিকা লাশাদীদ্‌। ১৩। ইন্‌নাহূ হুওয়া ইয়ুব্‌দিউ
১২. নিঃসন্দেহে তোমার প্রভুর পাকড়াও হবে ভীষণ শক্ত; ১৩. অবশ্যই তিনি প্রথমবার সৃষ্টি করেছেন,

وَيُعِيْدُ ﴿١٣﴾ وَهُوَ الْغَفُوْرُ الْوَدُوْدُ ﴿١٤﴾ ذُو الْعَرْشِ

ওয়া ইয়ু'ঈদ্‌। ১৪। ওয়া হুওয়াল গাফূরুল ওয়া দূদু ১৫। যুল 'আরশিল
তিনিই পুনঃ সৃষ্টি করবেন। ১৪. তিনি পরম ক্ষমাশীল, প্রেমময়, ১৫. সম্মানিত আরশের অধিপতি।

الْمَجِيْدُ ﴿١٥﴾ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ﴿١٦﴾ هَلْ اَتٰىكَ حَدِيْثُ

মাজীদ ১৬। ফা'আলুল লিমা-ইয়ুরীদ্‌। ১৭। হাল আতা-কা হাদীছুল
১৬. তিনি যা চান তাই করেন। ১৭. তোমার কাছে কি সৈনিকদের কথা পৌঁছেছে?

الْجُنُوْدِ ﴿١٧﴾ فِرْعَوْنَ وَثَمُوْدَ ﴿١٨﴾ بَلِ الَّذِيْنَ كَفَرُوْا

জুনূদ ১৮। ফির'আওনা ওয়াছামূদ্‌। ১৯। বালিল্লাযীনা কাফারূ
১৮. ফেরাউন ও সামুদ বাহিনীর কথা! ১৯. বরং যারা কুফরী করেছে

فِيْ تَكْذِيْبٍ ﴿١٩﴾ وَّاللّٰهُ مِنْ وَّرَآئِهِمْ مُّحِيْطٌ ﴿٢٠﴾

ফী তাক্‌যীবিঁও ২০। ওয়াল্লা-হু মিঁও ওয়া রা-ইহিম মুহীত্ব।
তারা মিথ্যাচারের মধ্যেই লিপ্ত রয়েছে। ২০. আল্লাহ তাদেরকে সকল দিক থেকেই ঘিরে আছেন।

بَلْ هُوَ قُرْاٰنٌ مَّجِيْدٌ ﴿٢١﴾ فِيْ لَوْحٍ مَّحْفُوْظٍ ﴿٢٢﴾

২১। বাল হুওয়া কুর্‌আনুম মাজীদ ২২। ফী লাওহিম মাহ্‌ফূজ।
২১. বরং এটা হচ্ছে মহান কুরআন; ২২. সংরক্ষিত ফলকে লিপিবদ্ধ।

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্‌

রুকূ' ১ | সূরা-৮৬ ঃ আত্ব ত্বারিক্ব | আয়াত ১৭

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالسَّمَآءِ وَالطَّارِقِ ﴿١﴾ وَمَآ أَدْرٰىكَ مَا الطَّارِقُ ﴿٢﴾

১। ওয়াছ্ছামা–ই ওয়াত্ত্বা-রিক্ব ২। ওয়া মা- আদ্‌রা-কা মাত্ত্বা-রিক্বু।

১. শপথ আকাশের এবং রাতে আগমনকারী তারকার, ২. কে তোমাকে জানাবে যে, রাতে আগমনকারী কি?

النَّجْمُ الثَّاقِبُ ﴿٣﴾ إِنْ كُلُّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا

৩। আননাজ্‌মুছ ছাক্বিব ৪। ইন কুল্লু নাফ্‌ছিল্‌লাম্মা ‘আলাইহা-

৩. তা হচ্ছে এক উজ্জ্বল তারকা। ৪. এমন কোন প্রাণী নেই যার উপর কোনো তত্ত্বাবধায়ক নিযুক্ত (করা) হয়নি;

حَافِظٌ ﴿٤﴾ فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ ﴿٥﴾ خُلِقَ مِنْ

হা-ফিজ। ৫। ফাল্‌ইয়ান্‌জুরিল ইন্‌ছা-নু মিম্‌মা খুলিক্ব। ৬। খুলিক্বা মিম

৫. অতএব মানুষ যেন তাকিয়ে দেখে– তাকে কোন্ জিনিস থেকে সৃষ্টি করা হয়েছে; ৬. তাকে সৃষ্টি করা হয়েছে

مَّآءٍ دَافِقٍ ﴿٦﴾ يَّخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَآئِبِ ﴿٧﴾

মা–ইন দা-ফিক্ব ৭। ইয়াখ্‌রুজু মিম বাইনিছ ছুলবি ওয়াত্‌তারা–ইব্।

সবেগে স্খলিত পানি থেকে– ৭. যা বের হয় (পুরুষদের) পিঠের মেরুদণ্ড ও (নারীর) বুকের (পাঁজরের) মধ্যখান থেকে।

إِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌ ﴿٨﴾ يَوْمَ تُبْلَى السَّرَآئِرُ ﴿٩﴾

৮। ইন্‌নাহু ‘আলা- রাজ ‘ইহী লাক্বা-দির ৯। ইয়াওমা তুব্‌লাছ ছারা–ইরু

৮. অবশ্যই তিনি তাকে ফিরিয়ে আনতে সক্ষম। ৯. সেদিন যাবতীয় গোপন বিষয় পরীক্ষা করা হবে,

فَمَا لَهٗ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ﴿١٠﴾ وَالسَّمَآءِ ذَاتِ الرَّجْعِ ﴿١١﴾

১০। ফামা- লাহূ মিন্ কুওয়াতিওঁ ওয়া লা- নাছির্। ১১। ওয়াছ্‌ছা–মা ই যা-তির রজই

১০. (সেদিন) তার জন্য কোনো শক্তি থাকবে না এবং কোনো সাহায্যকারীও থাকবে না; ১১. বৃষ্টি বর্ষণকারী আকাশের শপথ।

وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ ﴿١٢﴾ إِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ ﴿١٣﴾

১২। ওয়াল আর্‌দি যা-তিছ্ ছদ্‌'ই ১৩। ইন্‌নাহূ লাক্বওলুন ফাছ্‌লুও

১২. এবং বিদীর্ণশীল যমীনের শপথ। ১৩. অবশ্যই এ (কুরআন) হচ্ছে (সত্য মিথ্যার মধ্যে) পার্থক্যকারী।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ

وَمَا هُوَ بِالْهَزْلِ ﴿١٤﴾ إِنَّهُمْ يَكِيدُونَ كَيْدًا ﴿١٥﴾

১৪। ওয়া মা- হুওয়া বিল্‌হায্‌ল। ১৫। ইন্নাহুম ইয়াকীদূনা কাইদাওঁ

১৪. এটা উপহাসের বস্তু নয়। ১৫. নিঃসন্দেহে তারা চক্রান্ত করছে।

وَأَكِيدُ كَيْدًا ﴿١٦﴾ فَمَهِّلِ الْكٰفِرِينَ أَمْهِلْهُمْ رُوَيْدًا ﴿١٧﴾

১৬। ওয়াআকীদু কাইদা। ১৭। ফামাহ্‌হিলিল কা-ফিরীনা আম্‌হিল্‌হুম রুওয়াইদা।

১৬. আমিও একটি কৌশল অবলম্বন করছি। ১৭. অতএব তুমি কাফেরদের অবকাশ দাও। তাদেরকে কিছু দিনের জন্য সুযোগ দাও।

সূরা-৮৭ ঃ আল আ'লা

রুকূ' ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ১৯

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ﴿١﴾ الَّذِي خَلَقَ فَسَوّٰى ﴿٢﴾

১। ছাব্বিহিছ্‌মা রব্বিকাল আ'লা ২। আল্লাযী খালাক্বা ফাছাওওয়া-।

১. (হে নবী,) তোমার মহান প্রভুর নামে তাসবীহ পাঠ করো, ২. যিনি সৃষ্টি করেছেন, তারপর সুবিন্যস্ত করেছেন।

وَالَّذِي قَدَّرَ فَهَدٰى ﴿٣﴾ وَالَّذِي أَخْرَجَ الْمَرْعٰى ﴿٤﴾

৩। ওয়াল্ লাযী ক্বাদ্দারা ফাহাদা-। ৪। ওয়াল্লাযী- আখ্‌রাজাল মার্‌'আ-।

৩. তিনি তাকদীর নির্ধারণ করেছেন, তারপর (সবার চলার) পথ প্রদর্শন করেছেন। ৪. তিনি তৃণ লতা উৎপন্ন করেছেন,

فَجَعَلَهُ غُثَاءً أَحْوٰى ﴿٥﴾ سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰى ﴿٦﴾

৫। ফাজা'আলাহূ গুছা-আন আহ্‌ওয়া-। ৬। ছানুক্বরিউকা ফালা- তানছা -

৫. এরপর তাকে শুকনো খড়কুটায় পরিণত করেছেন। ৬. আমি (কুরআন) তোমাকে পড়িয়ে দেবো, ফলে তুমি ভুলবে না,

إِلَّا مَا شَاءَ اللّٰهُ إِنَّهُ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ﴿٧﴾

৭। ইল্‌লা- মা-শা-আল্লা-হ; ইন্নাহু ইয়া'লামুল জাহ্‌রা ওয়া মা- ইয়াখ্‌ফা-।

৭. অবশ্য আল্লাহ যদি কিছু চান (তা ভিন্ন কথা); তিনি প্রকাশ্য বিষয় জানেন এবং যা কিছু সে গোপন করে- তাও জানেন।

وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ﴿٨﴾ فَذَكِّرْ إِنْ نَفَعَتِ الذِّكْرٰى ﴿٩﴾

৮। ওয়া নুইয়াছ্‌ছিরুকা লিল্‌ইউছ্‌রা-। ৯। ফাযাক্‌কির ইন্ নাফা'আতিয যিক্‌রা-।

৮. আমি তোমার জন্যে সহজ পদ্ধতিগুলোর সুযোগ করে দিচ্ছি। ৯. সুতরাং তুমি উপদেশ দিতে থাকো যদি উপদেশ দান উপকারী হয়।

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্

سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ﴿١٠﴾ وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ﴿١١﴾

১০। ছাইয়াযযাক্কারু মাইঁ ইয়াখ্শা ১১। ওয়া ইয়াতাজান্নাবুহাল আশ্ক্বা
১০. যে ব্যক্তি (আল্লাহকে) ভয় করে সেই উপদেশ গ্রহণ করবে, ১১. আর চরম হতভাগা এটা থেকে দূরে সরে থাকবে,

الَّذِىْ يَصْلَى النَّارَ الْكُبْرٰى ﴿١٢﴾ ثُمَّ لَا يَمُوْتُ

১২। আল্লাযী ইয়াছ্লান্ না-রাল কুব্রা। ১৩। ছুম্মা লা- ইয়ামূতু
১২. সেই হতভাগা অচিরেই মহা আগুনে প্রবেশ করবে। ১৩. অতঃপর সেখানে সে মরবে না

فِيْهَا وَلَا يَحْيٰى ﴿١٣﴾ قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ﴿١٤﴾

ফীহা- ওয়া লা- ইয়াহ্ইয়া। ১৪। ক্বাদ আফ্লাহা মান্ তাঝাককা।
এবং বাঁচবেও না। ১৪. যে ব্যক্তি (নিজেকে) পরিশুদ্ধ করে নিয়েছে, সে অবশ্যই সফলকাম হয়েছে–

وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ﴿١٥﴾ بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ

১৫। ওয়া যাকারছ্মা রাব্বিহী ফাছল্লা-। ১৬। বাল তু'ছিরূনাল হায়া-তাদ্
১৫. এবং সে নিজের প্রভুর নাম স্মরণ করেছে তারপর সে নামায আদায় করেছে। ১৬. কিন্তু তোমরা তো পার্থিব জীবনকেই প্রাধান্য দিচ্ছো।

الدُّنْيَا ﴿١٦﴾ وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّاَبْقٰى ﴿١٧﴾ اِنَّ هٰذَا لَفِى

দুন্ইয়া। ১৭। ওয়াল আ-খিরাতু খাইরুওঁ ওয়া আব্ক্বা। ১৮। ইন্না হা-যা লাফিছ
১৭. অথচ আখেরাত হচ্ছে উত্তম ও স্থায়ী। ১৮. নিশ্চয়ই এ কথা

الصُّحُفِ الْاُوْلٰى ﴿١٨﴾ صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ﴿١٩﴾

ছুহুফিল উলা-। ১৯। ছুহুফি ইব্রা-হীমা ওয়া মূছা।
পূর্বের কিতাবসমূহে (লিপিবদ্ধ) রয়েছে, ১৯. ইবরাহীম এবং মূসার কিতাবসমূহেও আছে।

রুকূ' ১ | সূরা-৮৮ ঃ আল গাশিয়াহ | আয়াত ২৬

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ﴿١﴾ وُجُوْهٌ يَّوْمَئِذٍ

১। হাল আতা-কা হাদীছুল গা-শিয়াহ্। ২। উজূহুই ইয়াওমায়িযিন
১. তোমার কাছে কি (কিয়ামতের দিনে) আচ্ছন্নকারীর কথা পৌঁছেছে? ২. সে দিন অনেক লোকের চেহারা

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্

خَاشِعَةٌ ﴿٢﴾ عَامِلَةٌ نَّاصِبَةٌ ﴿٣﴾ تَصْلٰى نَارًا حَامِيَةً ﴿٤﴾

খা- শি‘আহ্ ৩। ‘আ-মিলাতুন না-ছিবাহ্। ৪। তাছ্লা-না-রান হা-মিইয়াহ্

ভীতসন্ত্রস্ত হবে, ৩. ক্লান্ত ও পরিশ্রান্ত হবে, ৪. তারা (সেদিন) জ্বলন্ত আগুনে প্রবেশ করবে,

تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ﴿٥﴾ لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا

৫। তুছক্বা-মিন ‘আইনিন আ-নিয়াহ্। ৬। লাইছা লাহুম ত্বা‘আ-মুন ইল্লা-

৫. ফুটন্ত নহর থেকে তাদেরকে পান করানো হবে; ৬. কাঁটাবিশিষ্ট গাছ ছাড়া তাদের জন্যে কোনো খাদ্য থাকবে না।

مِنْ ضَرِيْعٍ ﴿٦﴾ لَّا يُسْمِنُ وَلَا يُغْنِيْ مِنْ جُوْعٍ ﴿٧﴾

মিন্ দারী‘ইল ৭। লা-ইয়ুছ্মিনু ওয়া লা- ইয়ুগনী মিন্ জূ‘ইন্।

৭. এ (খাবার) তাদের পুষ্ট করবে না, ক্ষুদা নিবারণের কাজেও আসবে না।

وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاعِمَةٌ ﴿٨﴾ لِّسَعْيِهَا رَاضِيَةٌ ﴿٩﴾ فِيْ

৮। উজূহুই ইয়াওমায়িযিন না-‘ইমাতুল ৯। লিছা‘য়িহা- র-দিইয়াহ্ ১০। ফী

৮. (অপরদিকে) কিছু চেহারা হবে সজিব, ৯. নিজেদের কর্মের জন্য হবে ভীষণ খুশী, ১০. (তারা থাকবে)

جَنَّةٍ عَالِيَةٍ ﴿١٠﴾ لَّا تَسْمَعُ فِيْهَا لَاغِيَةً ﴿١١﴾ فِيْهَا

জান্নাতিন ‘আ-লিইয়াহ ১১। লা-তাছ্মা‘উ ফীহা- লা-গিইয়াহ্। ১২। ফীহা-

উঁচু জান্নাতে, ১১. সেখানে তারা কোনো বাজে কথা শোনবে না; ১২. তার মধ্যে থাকবে

عَيْنٌ جَارِيَةٌ ﴿١٢﴾ فِيْهَا سُرُرٌ مَّرْفُوْعَةٌ ﴿١٣﴾ وَّاَكْوَابٌ

‘আইনুন জা-রিইয়াহ্। ১৩। ফীহা ছুরুরুম মারফূ‘আতুঁও ১৪। ওয়া আক্ওয়া-বুম

প্রবাহিত ঝর্ণা। ১৩. তার মধ্যে থাকবে উঁচু উঁচু আসন, ১৪. এবং সংরক্ষিত পানপাত্র,

مَّوْضُوْعَةٌ ﴿١٤﴾ وَّنَمَارِقُ مَصْفُوْفَةٌ ﴿١٥﴾ وَّزَرَابِيُّ مَبْثُوْثَةٌ ﴿١٦﴾

মাওদু‘আহ ১৫। ওয়ানামা-রিকু মাছ ফূফাতুঁও ১৬। ওয়াঝা-রা বিইউ মাব্ছূছাহ্।

১৫. সারি সারি গালিচা, ১৬. (আরো থাকবে) বিছানো তোশক;

اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ ﴿١٧﴾ وَاِلَى

১৭। আফালা- ইয়ান্জুরূনা ইলাল ইবিলি কাইফা খুলিক্বত্। ১৮। ওয়া ইলাছ

১৭. তারা কি উটটির দিকে তাকিয়ে দেখে না কিভাবে তাকে সৃষ্টি করা হয়েছে!

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ

السَّمَآءِ كَيْفَ رُفِعَتْ ﴿١٨﴾ وَإِلَى الْجِبَالِ كَيْفَ

ছামা–ই কাইফা রুফি‘আত্। ১৯। ওয়া ইলাল জিবা-লি কাইফা

১৮. আকাশের দিকে (তাকিয়ে দেখে না)? কিভাবে তাকে উঁচু করে রাখা হয়েছে! ১৯. পাহাড়গুলোর দিকে (দেখে না)? কিভাবে

نُصِبَتْ ﴿١٩﴾ وَإِلَى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ ﴿٢٠﴾ فَذَكِّرْ

নুছিবাত্। ২০। ওয়া ইলাল আরদ্বি কাইফা ছুত্বিহাত্। ২১। ফা যাক্কির

তা (যমীনে) স্থাপন করা হয়েছে! ২০. যমীনের দিকে (দেখে না)? কিভাবে তাকে সমতল করে বিছানো হয়েছে! ২১. অতএব (হে নবী) তুমি উপদেশ দিতে থাকো।

إِنَّمَآ أَنْتَ مُذَكِّرٌ ﴿٢١﴾ لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴿٢٢﴾ إِلَّا

ইন্নামা- আন্তা মুযাক্কির্। ২২। লাছ্তা ‘আলাইহিম বিমুছইত্বিরিন্ ২৩। ইল্লা-

নিশ্চয় তুমি একজন উপদেশদানকারী মাত্র। ২২. তুমি তাদের উপর বল প্রয়োগকারী (কোনো দারোগা) নও, ২৩. আর সে

مَنْ تَوَلّٰى وَكَفَرَ ﴿٢٣﴾ فَيُعَذِّبُهُ اللّٰهُ الْعَذَابَ الْأَكْبَرَ ﴿٢٤﴾

মান্ তাওয়াল্লা- ওয়াকাফার ২৪। ফাইয়ু‘আযযিবুহুল লা-হুল ‘আযা-বাল আক্বার্।

ব্যক্তির কথা ভিন্ন যে (হেদায়াত থেকে) মুখ ফিরিয়ে নিয়েছে এবং কুফুরী করেছে, ২৪. আল্লাহ অবশ্যই তাকে বড়ো ধরনের শাস্তি দেবেন।

إِنَّ إِلَيْنَآ إِيَابَهُمْ ﴿٢٥﴾ ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ﴿٢٦﴾

২৫। ইন্না ইলাইনা- ইয়া-বাহুম ২৬। ছুম্মা-ইন্না ‘আলাইনা-হিছা-বাহুম।

২৫. অবশ্যই তাদের ফিরতে হবে আমার কাছে, ২৬. এরপর অবশ্যই আমার কাছে তাদের হিসাব দিতে হবে।

সূরা-৮৯ ঃ আল ফাজর

রুকূ‘ ১ — মক্কায় অবতীর্ণ — আয়াত ৩০

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْفَجْرِ ﴿١﴾ وَلَيَالٍ عَشْرٍ ﴿٢﴾ وَّالشَّفْعِ وَالْوَتْرِ ﴿٣﴾

১। ওয়ালফাজ্রি ২। ওয়ালাইয়া-লিন ‘আশরিওঁ ৩। ওয়াশ্ শাফ্‘ই ওয়াল্ওয়াত্রি

১. শপথ ভোরের, ২. শপথ দশটি (বিশেষ) রাতের, ৩. শপথ জোড় ও বিজোড়-এর,

وَالَّيْلِ إِذَا يَسْرِ ﴿٤﴾ هَلْ فِيْ ذٰلِكَ قَسَمٌ لِّذِيْ حِجْرٍ ﴿٥﴾

৪। ওয়াল্ লাইলি ইযা- ইয়াছ্রি। ৫। হাল ফী যা-লিকা ক্বাছামুল্লিযী হিজর্।

৪. শপথ রাতের যখন তা সহজে চলে যায়, ৫. এ সবের মধ্যে কি বুদ্ধিমান লোকদের জন্যে কোনো শপথ বিদ্যমান আছে?

পারা-৩০

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۝٦ إِرَمَ ذَاتِ الْعِمَادِ ۝٧

৬। আলাম্ তারা কাইফা ফা‘আলা রব্বুকা বি‘আ-দ। ৭। ইরামা যা-তিল ‘ইমা-দ
৬. তুমি কি লক্ষ্য করোনি, তোমার প্রভু আদ (জাতি)-র এরাম গোত্রের লোকদের সাথে কি ব্যবহার করেছেন? ৭. এরাম গোত্র (ছিলো) উঁচু স্তম্ভবিশিষ্ট প্রাসাদের অধিকারী।

الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۝٨ وَثَمُودَ

৮। আল্লাতী লাম ইয়ুখ্লাক্ব মিছলুহা-ফিল বিলা-দ। ৯। ওয়াছামূদাল্
৮. (দৈহিক ও ঐশ্বর্যের দিক থেকে) জনপদে তাদের মতো কাউকেই সৃষ্টি করা হয়নি। ৯. এবং সামুদ

الَّذِينَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۝٩ وَفِرْعَوْنَ ذِي

লাযীনা জা-বুছ্ ছখ্রা বিল্ ওয়া-দ। ১০। ওয়া ফির‘আউনা যিল
জাতির সাথে কিরূপ ব্যবহার করেছেন, তারা পাহাড়ের উপত্যকায় পাথর কেটে কেটে অট্টালিকা বানাতো। ১০. আর পেরেক ঠুকে শাস্তি প্রদানকারী ফেরাউন-এর সাথে কি

الْأَوْتَادِ ۝١٠ الَّذِينَ طَغَوْا فِي الْبِلَادِ ۝١١ فَأَكْثَرُوا

আওতা-দ। ১১। আল্লাযীনা ত্বাগাও ফিল্ বিলা-দ। ১২। ফা আক্ছারূ
আচরণ করেছেন। ১১. যারা দেশে দেশে (আল্লাহর সাথে) বিদ্রোহ করেছে, ১২. তারা সেখানে বেশি মাত্রায়

فِيهَا الْفَسَادَ ۝١٢ فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۝١٣

ফীহাল ফাছা-দ। ১৩। ফাছব্বা ‘আলাইহিম রব্বুকা ছাওত্বা ‘আযা-ব।
(বিপর্যয় ও) অশান্তি সৃষ্টি করেছে। ১৩. অবশেষে তোমার রব তাদের উপর আযাবের চাবুক মারলেন।

إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ۝١٤ فَأَمَّا الْإِنْسَانُ إِذَا مَا

১৪। ইন্না রব্বাকা লাবিল মির্ছা-দ। ১৫। ফাআম্মাল ইন্ছা-নু ইযামাব্
১৪. অবশ্যই তোমার রব (এদের পাকড়াও করার জন্যে) ঘাঁটিতে ওৎ পেতে রয়েছেন। ১৫. কিন্তু মানুষ-এর অবস্থা এই যে, যখন তাকে

ابْتَلَاهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّي أَكْرَمَنِ ۝١٥

তালা-হু রব্বুহূ ফাআক্রামাহূ ওয়ানা‘আমাহূ ফাইয়াকূলু রব্বী- আক্রমান।
তার রব পরীক্ষা করেন এজন্য তাকে সম্মান ও অনুগ্রহ দান করেন তখন সে বলে, আমার রব আমাকে সম্মানিত করেছেন।

وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ

১৬। ওয়া আম্মা- ইযা-মা-ব্তালা-হু ফাক্বদারা ‘আলাইহি রিঝ্ক্বাহূ ফইয়াকূলু
১৬. পক্ষান্তরে যখন তিনি তাকে পরীক্ষা করেন এবং তার জন্য তার রিযিক সংকুচিত করে দেন, তখন সে বলে,

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

رَبِّيٓ أَهَانَنِ ﴿১৬﴾ كَلَّا بَل لَّا تُكْرِمُونَ الْيَتِيمَ ﴿১৭﴾ وَلَا

রব্বী- আহা-নান্। ১৭। কাল্লা-বাল লা- তুক্‌রিমূনাল ইয়াতীমা ১৮। ওয়া লা-
আমার রব আমাকে অপমান করেছেন। ১৭. কখনো নয়– বরং, তোমরা ইয়াতীমদের সম্মান করো না।

تَحَٰٓضُّونَ عَلَىٰ طَعَامِ الْمِسْكِينِ ﴿১৮﴾ وَتَأْكُلُونَ التُّرَاثَ

তাহা–দদূনা 'আলা- ত্বা'আ-মিল মিছ্‌কীন ১৯। ওয়াতা'কুলূনাত তুরা-ছা
১৮. মিসকীনকে খাদ্য প্রদানের জন্যে তোমরা পরস্পর উৎসাহ দাও না। ১৯. তোমরা মৃত ব্যক্তির (রেখে যাওয়া) ধন-সম্পদ নিজেরাই

أَكْلًا لَّمًّا ﴿১৯﴾ وَتُحِبُّونَ الْمَالَ حُبًّا جَمًّا ﴿২০﴾ كَلَّا إِذَا

আক্‌লাল্‌লাম্‌মাওঁ ২০। ওয়াতুহিব্বূনাল মা-লা হুব্বান জাম্‌মা। ২১। কাল্লা- ইযা-
পুরোটা খেয়ে ফেলো। ২০. তোমরা ধন-সম্পদকে গভীরভাবে ভালোবাসো। ২১. কখনো নয়, যখন

دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ﴿২১﴾ وَجَاءَ رَبُّكَ وَالْمَلَكُ

দুক্‌কাতিল আর্‌দু দাক্‌কান দাক্‌কাওঁ ২২। ওয়াজা–আ রাব্বুকা ওয়াল মালাকু
পৃথিবীকে চূর্ণ-বিচূর্ণ করে দেয়া হবে। ২২. তোমার রব এবং ফেরেশতারা

صَفًّا صَفًّا ﴿২২﴾ وَجِايٓءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ

ছফ্‌ফান ছফ্‌ফা। ২৩। ওয়াজী–আ ইয়াওমাইযিম্ বিজাহান্‌নামা ইয়াওমাইযিঁই
সারিবদ্ধভাবে উপস্থিত হবে। ২৩. সেদিন জাহান্নামকে (সামনে) নিয়ে আসা হবে, সেদিন

يَتَذَكَّرُ الْإِنسَانُ وَأَنَّىٰ لَهُ الذِّكْرَىٰ ﴿২৩﴾ يَقُولُ

ইয়াতাযাক্‌কারুল ইন্‌ছা-নু ওয়া আন্‌না-লাহুয যিক্‌রা-। ২৪। ইয়াকূলু
মানুষ উপদেশ গ্রহণ করবে, কিন্তু (তখন) উপদেশ তার কী কাজে আসবে? ২৪. সে বলবে,

يَا لَيْتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي ﴿২৪﴾ فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ

ইয়া-লাইতানী ক্বদ্দাম্‌তু লিহাইয়া-তী। ২৫। ফাইয়াওমাইযিল্ লা-ইয়ু'আযযিবু
কতো ভালো হতো যদি আমার (এ) জীবনের জন্যে আমি পূর্বেই নেক আমল পাঠিয়ে দিতাম। ২৫. সেদিন তাঁর শাস্তির মতো

عَذَابَهُ أَحَدٌ ﴿২৫﴾ وَلَا يُوثِقُ وَثَاقَهُ أَحَدٌ ﴿২৬﴾ يَا أَيَّتُهَا

'আযা-বাহূ- আহাদুঁও। ২৬। ওয়া লা- ইয়ূছিকু ওয়াছা-ক্বহূ- আহাদ্। ২৭। ইয়া- আইইয়াতুহান্
অন্য কেউ শাস্তি দিতে পারবে না– ২৬. এবং তাঁর বাঁধনের মতো কেউ বাঁধতেও পারবে না; ২৭. (ভালো লোকদের বলা হবে,) হে

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ

النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ﴿٢٧﴾ ارْجِعِىٓ إِلٰى رَبِّكِ رَاضِيَةً

নাফ্ছুল মুত্ব মাইন্নাহ্। ২৮। ইর্জি'ঈ- ইলা-রব্বিকি রা-দিইয়াতাম

প্রশান্ত আত্মা, ২৮. তুমি তোমার প্রভুর কাছে সন্তুষ্টচিত্তে ও

مَّرْضِيَّةً ﴿٢٨﴾ فَادْخُلِى فِى عِبٰدِى ﴿٢٩﴾ وَادْخُلِى جَنَّتِى ﴿٣٠﴾

মার্দিয়্যাহ্। ২৯। ফাদ্খুলী ফী ইবা-দী। ৩০। ওয়াদ্খুলী জান্নাতী।

প্রিয়ভাজন হয়ে ফিরে যাও। ২৯. অতঃপর তুমি আমার প্রিয় বান্দাদের মধ্যে শামিল হও, ৩০. (আর) আমার জান্নাতে প্রবেশ করো।

সূরা-৯০ ঃ আল বালাদ

রুকু ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ২০

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لَآ أُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ﴿١﴾ وَأَنْتَ حِلٌّ بِهٰذَا الْبَلَدِ ﴿٢﴾

১। লা-উক্বছিমু বিহা-যাল বালাদ ২। ওয়া আন্তা হিল্লুম বিহা-যাল বালাদ

১. আমি এ নগরীর শপথ করছি, ২. এ নগরীতে তুমি (যুদ্ধের বিধি-নিষেধ থেকে) দায়মুক্ত।

وَوَالِدٍ وَّمَا وَلَدَ ﴿٣﴾ لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ فِى كَبَدٍ ﴿٤﴾

৩। ওয়া ওয়া-লিদিওঁ ওয়া মা- ওয়ালাদ ৪। লাক্বদ খলাক্বনাল ইনছা-না ফী কাবাদ্।

৩. আমি শপথ করছি জনকের এবং সে যা জন্ম দিয়েছে, ৪. আমি তো মানুষকে কষ্ট-ক্লেশের মধ্যে সৃষ্টি করেছি।

أَيَحْسَبُ أَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ أَحَدٌ ﴿٥﴾ يَقُوْلُ

৫। আইয়াহ্ছাবু আল্লাইঁ ইয়াক্বদিরা আলাইহি আহাদ্। ৬। ইয়াকূলু

৫. সে কি মনে করে, তার উপর কখনও কেউ ক্ষমতাবান হবে না? ৬. সে বলে,

أَهْلَكْتُ مَالًا لُّبَدًا ﴿٦﴾ أَيَحْسَبُ أَنْ لَّمْ يَرَهٗٓ أَحَدٌ ﴿٧﴾

আহ্লাক্তু মা-লাল্ লুবাদা। ৭। আইয়াহ্ছাবু আল্লাম ইয়ারাহূ- আহাদ্।

আমি প্রচুর পরিমাণ সম্পদ নষ্ট করেছি। ৭. সে কি মনে করছে যে, তাকে কেউ দেখেনি?

أَلَمْ نَجْعَلْ لَّهٗ عَيْنَيْنِ ﴿٨﴾ وَلِسَانًا وَّشَفَتَيْنِ ﴿٩﴾

৮। আলাম নাজ্'আল লাহূ 'আইনাইনি। ৯। ওয়ালিছা নাওঁ ওয়া শাফাতাইন

৮. আমি কি (দেখার জন্যে) তাকে দুটো চোখ দেইনি? ৯. একটি জিহ্বা ও দুটো ঠোঁট দেইনি?

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্

পারা- ৩০

وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ ﴿١٠﴾ فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ ﴿١١﴾

১০। ওয়াহাদাইনা-হু ন্নাজ দাইন্। ১১। ফালাক্ব তাহামাল 'আক্বাবাহ্।
১০. বস্তুত আমি তাকে (ভালো মন্দ) দুটো পথ দেখিয়েছি। ১১. কিন্তু সে দুর্গম পথ অতিক্রম করার সাহস করেনি।

وَمَآ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ ﴿١٢﴾ فَكُّ رَقَبَةٍ ﴿١٣﴾ اَوْ اِطْعٰمٌ

১২। ওয়া মা- আদ্‌রা-কা মাল 'আক্বাবাহ্। ১৩। ফাক্কু রক্বাবাতিন্ ১৪। আও ইত্ব'আ-মুন
১২. তুমি কি জানো সে দুর্গম পথটি কি? ১৩. (তা হচ্ছে) দাস মুক্তি, ১৪. অথবা

فِیْ یَوْمٍ ذِیْ مَسْغَبَةٍ ﴿١٤﴾ یَّتِیْمًا ذَا مَقْرَبَةٍ ﴿١٥﴾ اَوْ

ফী ইয়াওমিন যীমাছ্‌গাবাতিন ১৫। ইয়াতীমান যা-মাক্বরাবাতিন্ ১৬। আও
দুর্ভিক্ষের দিনে আহার দেয়া, ১৫. নিকটতম কোনো এতীমকে আহার দেয়া, ১৬. অথবা

مِسْكِیْنًا ذَا مَتْرَبَةٍ ﴿١٦﴾ ثُمَّ كَانَ مِنَ الَّذِیْنَ اٰمَنُوْا

মিছ্‌কীনান যা মাত্‌রাবাহ্। ১৭। ছুম্‌মা কা-না মিনাল্লাযীনা আ-মানূ
ধুলো মলিন কোনো মিসকীনকে। ১৭. এরপর তাদের দলে যোগ দিয়ে যারা ঈমান এনেছে

وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ﴿١٧﴾ اُولٰٓئِكَ

ওয়াতাওয়া ছাও বিছ্‌ছাব্‌রি ওয়াতাওয়া ছাওবিল মার্‌হামাহ্। ১৮। উলা–ইকা
এবং পরস্পরকে দয়া দেখানোর উপদেশ দিয়েছে। ১৮. এরাই হচ্ছে

اَصْحٰبُ الْمَیْمَنَةِ ﴿١٨﴾ وَالَّذِیْنَ كَفَرُوْا بِاٰیٰتِنَا

আছ্‌হাবুল মাইমানাহ্। ১৯। ওয়াল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিনা-
ডানপন্থি (সৌভাগ্যবান), ১৯. আর যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে

هُمْ اَصْحٰبُ الْمَشْـَٔمَةِ ﴿١٩﴾ عَلَیْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ﴿٢٠﴾

হুম আছ্‌হাবুল মাশ্‌আমাহ্। ২০। 'আলাইহিম না-রুম মু'ছদাহ্।
তারা হচ্ছে বামপন্থি। ২০. তাদের ওপর পরিবেষ্টিত থাকবে আগুনের শিখা।

রুকূ' ১ — সূরা-৯১ ঃ আশ শাম্স — আয়াত ১৫
মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

ইখ্‌ফা ইখ্‌ফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

وَالشَّمْسِ وَضُحٰىهَا ۝١ وَالْقَمَرِ اِذَا تَلٰىهَا ۝٢ وَالنَّهَارِ

১। ওয়াশ্‌শামছি ওয়া দুহা-হা। ২। ওয়াল ক্বামারি ইযা- তালা-হা। ৩। ওয়ান্‌নাহা-রি

১. শপথ সূর্যের এবং তার কিরণের, ২. শপথ চাঁদের– যখন সে তার পেছনে আসে, ৩. শপথ দিনের–

اِذَا جَلّٰىهَا ۝٣ وَالَّيْلِ اِذَا يَغْشٰىهَا ۝٤ وَالسَّمَآءِ وَمَا

ইযা- জাল্লা-হা। ৪। ওয়াল লাইলি-ইযা ইয়াগ্‌শা-হা। ৫। ওয়াছ্‌ছামা–ই ওয়া মা-

যখন সে তাকে উদ্ভাসিত করে, ৪. শপথ রাতের– যখন সে তাকে ঢেকে ফেলে, ৫. শপথ আকাশের এবং যিনি

بَنٰىهَا ۝٥ وَالْاَرْضِ وَمَا طَحٰىهَا ۝٦ وَنَفْسٍ وَّمَا

বানা-হা। ৬। ওয়াল আর্‌দি ওয়া মা- ত্বহা-হা। ৭। ওয়া নাফ্‌ছিওঁ ওয়া মা-

তা তৈরি করেছেন, ৬. শপথ যমীনের এবং যিনি এটাকে বিছিয়ে দিয়েছেন– ৭. শপথ প্রাণের এবং যিনি তা

سَوّٰىهَا ۝٧ فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا ۝٨ قَدْ اَفْلَحَ

ছাও্‌ওয়া-হা। ৮। ফাআল্‌হামাহা-ফুজূরহা-ওয়াতাক্বওয়া-হা। ৯। ক্বদ আফ্‌লাহা-

বিন্যাস করেছেন– ৮. এরপর তিনি তাকে তার পাপ ও (পাপ থেকে) বেঁচে থাকার জ্ঞান দান করেছেন, ৯. নিঃসন্দেহে সে-ই সফলকাম

مَنْ زَكّٰىهَا ۝٩ وَقَدْ خَابَ مَنْ دَسّٰىهَا ۝١٠ كَذَّبَتْ

মান ঝাক্‌কা-হা। ১০। ওয়া ক্বদ খ- বা মান্ দাছ্‌ছা-হা। ১১। কায্‌যাবাত

যে নফসকে পরিশুদ্ধ করেছে। ১০. আর যে নফ্‌সকে কলুষিত করেছে সে ব্যর্থ হয়েছে।

ثَمُوْدُ بِطَغْوٰىهَآ ۝١١ اِذِ انْۢبَعَثَ اَشْقٰىهَا ۝١٢ فَقَالَ لَهُمْ

ছামূদু বিত্বগ্‌ওয়া-হা–। ১২। ইযিম বা'আছা আশ্‌ক্বহা। ১৩। ফাক্বা-লা লাহুম

১১. সামুদ জাতি নিজেদের অবাধ্যতার কারণে (আল্লাহর নবীকে) মিথ্যা প্রতিপন্ন করেছিলো। ১২. যখন তাদের সবচেয়ে হতভাগ্য ব্যক্তিটি তৎপর হয়ে ওঠলো,

رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ۝١٣ فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا

রছূলুল্‌লা-হি না-ক্বাতাল্‌লা-হি ওয়াছুক্ব ইয়া-হা। ১৪। ফাকায্ যাবূহু ফা'আক্বারূহা

১৩. তখন আল্লাহর রাসূল তাদেরকে বললো, আল্লাহর প্রেরিত উটনী এবং তার পানি পান করার ব্যাপারে সতর্ক থাকো। ১৪. কিন্তু তারা তাকে মিথ্যুক মনে করলো,

فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا ۝١٤

ফাদামদামা 'আলাইহিম রব্‌বুহুম বিযাম্‌বিহিম ফাছাওওয়া-হা।

এরপর উটনীটিকে তারা নলি কেটে (হত্যা করে) ফেললো, তাদের এ পাপের কারণে তাদের প্রভু তাদের ওপর বিপর্যয় নাযিল করলেন, এরপর তাদেরকে (মাটির সাথে) সমান করে দিলেন।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

وَلَا يَخَافُ عُقْبٰهَا ﴿١٥﴾

১৫। ওয়া লা- ইয়াখা-ফু ‘উক্ববা-হা।

১৫. আর তিনি তাদের ধ্বংসের পরিণতির পরোয়া করেন না।

রুকূ‘ ১

সূরা-৯২ : আল লাইল

মক্কায় অবতীর্ণ

আয়াত ২১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالَّيْلِ اِذَا يَغْشٰى ﴿١﴾ وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ﴿٢﴾ وَمَا

১। ওয়াল্ লাইলি ইযা- ইয়াগ্শা- ২। ওয়ান্নাহা-রি ইযা তাজাল্লা- ৩। ওয়া মা-

১. রাতের শপথ– যখন তা (সব কিছুকে) আচ্ছন্ন করে ফেলে, ২. দিনের শপথ– যখন তা আলোকিত হয়, ৩. ওই

خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰٓى ﴿٣﴾ اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ﴿٤﴾

খলাক্বায যাকারা- ওয়াল্ উন্‌ছা- ৪। ইন্না ছা‘ইয়াকুম লাশাত্‌তা-।

সত্তার শপথ যিনি পুরুষ ও নারী সৃষ্টি করেছেন– ৪. নিশ্চয় তোমাদের প্রচেষ্টা-ভিন্ন ভিন্ন রকমের।

فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى ﴿٥﴾ وَصَدَّقَ بِالْحُسْنٰى ﴿٦﴾

৫। ফাআম্‌মা মান্ আ‘ত্বা-ওয়াত্‌তাক্বা- ৬। ওয়া ছদ্‌দা-ক্বা বিল্ হুছনা-

৫. অতএব যে (আল্লাহর পথে) দান করেছে এবং ভয় করে পাপ বর্জন করেছে ৬. এবং ভালো কথাগুলোকে সত্য বলে গ্রহণ করেছে,

فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى ﴿٧﴾ وَاَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنٰى ﴿٨﴾

৭। ফাছানুইয়াছ্ছিরুহূ লিল্‌ইয়ুছ্‌রা-। ৮। ওয়াআম্‌মা-মাম বাখিলা ওয়াছ্‌তাগ্‌না।

৭. তাহলে আমি তাকে আরামের জন্যে পথ চলা সহজ করে দেবো। ৮. পক্ষান্তরে যে ব্যক্তি কৃপণতা করল এবং নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করল–

وَكَذَّبَ بِالْحُسْنٰى ﴿٩﴾ فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ﴿١٠﴾

৯। ওয়া কায্‌যাবা বিল্ হুছনা ১০। ফাছানু ইয়াছ্ছিরুহূ লিল্ ‘উছরা।

৯. এবং ভালোকে মিথ্যা প্রতিপন্ন করল, ১০. এজন্য আমি তার জন্য দুঃখ কষ্টের (পথ) চলা সহজ করে দেবো।

وَمَا يُغْنِيْ عَنْهُ مَالُهٗٓ اِذَا تَرَدّٰى ﴿١١﴾ اِنَّ عَلَيْنَا

১১। ওয়া মা-ইয়ুগনী ‘আন্‌হু মা-লুহূ- ইযা- তারদ্‌দা। ১২। ইন্না ‘আলাইনা-

১১. তার সম্পদ তার কাজে লাগবে না– যখন সে অধঃপতনে পড়ে যাবে, ১২. অবশ্যই হিদায়াত প্রদান করা

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

لَلْهُدٰى (১২) وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى (১৩) فَاَنْذَرْتُكُمْ

লাল্‌হুদা। ১৩। ওয়া ইন্‌না লানা-লালআ-খিরতা ওয়াল উলা। ১৪। ফাআন্‌যারতুকুম

আমার ওপর দায়িত্ব। ১৩. অবশ্যই ইহকাল এবং পরকালের (নিরংকুশ ক্ষমতা) আমারই জন্যে। ১৪. অতএব আমি তোমাদের

نَارًا تَلَظّٰى (১৪) لَا يَصْلٰىهَآ اِلَّا الْاَشْقَى (১৫) الَّذِىْ

না-রান তালাজ্জা। ১৫। লা- ইয়াছ্‌লা-হা- ইল্লাল আশ্‌ক্বা- ১৬। আল্‌লাযী

জ্বলন্ত অগ্নিকুণ্ডের ব্যাপারে সতর্ক করছি। ১৫. চরম হতভাগ্য লোক ছাড়া আর কেউই সেখানে প্রবেশ করবে না। ১৬. (হতভাগা লোক হল সে,) যে

كَذَّبَ وَتَوَلّٰى (১৬) وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى (১৭) الَّذِىْ

কায্‌যাবা ওয়াতাওয়াল্‌লা। ১৭। ওয়াছাইয়ুজান্‌নাবুহাল আত্‌ক্বা- ১৮। আল্‌লাযী

(এ দিনকে) মিথ্যা মনে করেছে এবং (হেদায়াত থেকে) মুখ ফিরিয়ে নিয়েছে; ১৭. এবং অধিক আল্লাহ ভীরু লোককে তা হতে দূরে রাখা হবে। ১৮. যে ব্যক্তি

يُؤْتِىْ مَالَهٗ يَتَزَكّٰى (১৮) وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ

ইয়ু'তী মা-লাহূ ইয়াতাঝাক্কা। ১৯। ওয়া মা- লিআহাদিন 'ইন্‌দাহূ মিন্ নি'মাতিন

(নিজেকে) পবিত্র করার জন্যে নিজের সম্পদ ব্যয় করে। ১৯. (অথচ) প্রতিদান দেয়ার মত তার কাছে (তোমাদের) কারো কোনো অনুগ্রহ নেই।

تُجْزٰى (১৯) اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى (২০)

তুজ্‌ঝা- ২০। ইল্লা-বৃতিগা–আ ওয়াজ্‌হি রব্বিহিল 'আ লা।

২০. তার মহান প্রভুর সন্তুষ্টি কামনা করা ব্যতীত (বিনিময় দেয়ার মত অন্য কিছুই নেই)।

وَلَسَوْفَ يَرْضٰى (২১)

২১। ওয়ালাছাওফা ইয়ার্‌দা-।

২১. (এ কারণে) শীঘ্রই তিনি (তার উপর) সন্তুষ্ট হবেন।

রুকূ' ১ | **সূরা-৯৩ ঃ আদ দুহা** | আয়াত ১১

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالضُّحٰى (১) وَالَّيْلِ اِذَا سَجٰى (২) مَا وَدَّعَكَ

১। ওয়াদ্‌দুহা ২। ওয়াল্ লাইলি ইযা- ছাজা ৩। মা- ওয়াদ্‌দা'আকা

১. আলোকোজ্জ্বল মধ্য দিনের শপথ, ২. রাতের শপথ, যখন তা (চারদিকে) আচ্ছন্ন হয়ে যায়, ৩. তোমার

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

رَبُّكَ وَمَا قَلٰى ۝٣ وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ

রব্বুকা ওয়া মা- ক্বালা। ৪। ওয়ালালআ-খিরাতু খইরুল্লাকা মিনাল
রব তোমাকে বর্জন করেননি এবং তিনি (তোমার উপর) অসন্তুষ্টও হননি। ৪. অবশ্যই তোমার জন্যে পরবর্তীকাল পূর্বের সময়ের চেয়ে উত্তম।

الْاُوْلٰى ۝٤ وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى ۝٥ اَلَمْ

উলা-। ৫। ওয়ালাছাওফা ইয়ু'ত্বীকা রব্বুকা ফাতার্‌দা। ৬। আলাম
৫. শীঘ্রই তোমার রব তোমাকে (এমন কিছু) দান করবেন যার কারণে তুমি খুশী হয়ে যাবে। ৬. তিনি কি

يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ۝٦ وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ۝٧

ইয়াজিদ্‌কা ইয়াতীমান ফাআ-ওয়া। ৭। ওয়া ওয়াজাদাকা দা-ল্লান ফাহাদা।
তোমাকে এতীম অবস্থায় পাননি- তারপর তোমাকে আশ্রয় দিয়েছেন। ৭. তিনি তোমাকে পথহারা পেয়েছেন, অতঃপর তিনি তোমাকে সঠিক পথ দেখিয়েছেন।

وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ۝٨ فَاَمَّا الْيَتِيْمَ

৮। ওয়া ওয়াজাদাকা 'আ-'ইলান ফাআগ্‌না। ৯। ফাআম্মাল ইয়াতীমা
৮. তিনি তোমাকে নিঃস্ব অবস্থায় পেয়েছেন তারপর তিনি তোমাকে সচ্ছল করে দিয়েছেন। ৯. অতএব তুমি এতীম-এর উপর

فَلَا تَقْهَرْ ۝٩ وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ۝١٠ وَاَمَّا بِنِعْمَةِ

ফালা- তাক্বহার্‌। ১০। ওয়াআম্মাছ ছা-ইলা ফালা- তান্‌হার। ১১। ওয়া আম্মা-বিনি'মাতি
কঠোর হয়ো না। ১০. আর প্রার্থীকে ধমক দিও না। ১১. তুমি তোমার প্রভুর নেয়ামতের

رَبِّكَ فَحَدِّثْ ۝١١

রব্বিকা ফাহাদ্দিছ।
কথা বর্ণনা করে যাও।

রুকূ' ১ | **সূরা-৯৪ : আলাম নাশ্‌রাহ্** | আয়াত ৮

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝١ وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝٢

১। আলাম নাশ্‌রহ লাকা ছদ্‌রাক ২। ওয়া ওয়াদা'না 'আন্‌কা ওয়িঝরক
১. (হে মুহাম্মদ,) আমি কি তোমার (জ্ঞান ধারণের) জন্যে তোমার বক্ষ উন্মুক্ত করে দেইনি? ২. আমি তোমার (ওপর) থেকে তোমার বোঝা নামিয়ে দিয়েছি,

পারা- ৩০

ইখফা ইখফা মীম সাকিন ক্বলক্বলা ক্বলব ইদগাম ইদগাম মীম সাকিন গুন্নাহ্

الَّذِىْٓ اَنْقَضَ ظَهْرَكَ ۙ ⟨৩⟩ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ؕ ⟨৪⟩

৩। অল্লাযী- আন্ক্বাদা জাহ্রাক ৪। ওয়া রফা'না লাকা যিক্রাক্।

৩. যা তোমার পিঠ ভেংগে দিচ্ছিলো ৪. আমি তোমার জন্য তোমার স্মরণকে সর্বোচ্চ আসনে প্রতিষ্ঠিত করেছি।

فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۙ ⟨৫⟩ اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ؕ ⟨৬⟩

৫। ফাইন্নামা'আল 'উছ্রি ইয়ুছ্রান ৬। ইন্নামা'আল 'উছ্রি ইয়ুছ্রা।

৫. অতঃপর (জেনে রেখো) কষ্টের সাথে অবশ্যই আরাম রয়েছে। ৬. নিশ্চয়ই কষ্টের সাথে আরাম রয়েছে।

فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ۙ ⟨৭⟩ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ؕ ⟨৮⟩

৭। ফাইযা-ফারগ্তা ফান্ছাব্। ৮। ওয়া ইলা-রব্বিকা ফার্গব্।

৭. অতঃপর যখনি তুমি অবসর পাবে তখনি তুমি (ইবাদাতের জন্য) পরিশ্রম করো– ৮. এবং তুমি তোমার প্রভুর দিকে মনযোগী হও।

সূরা-৯৫ ঃ আত তীন

রুকূ' ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۙ ⟨১⟩ وَطُوْرِ سِيْنِيْنَ ۙ ⟨২⟩ وَهٰذَا

১। ওয়াত্তীনি ওয়াঝ্ঝাইতূনি ২। ওয়াতূরি ছীনীন ৩। ওয়াহা-যাল

১. শপথ 'আনজির' ও 'যায়তুন'-এর, ২. শপথ সিনাই উপত্যকার তূর পর্বতের, ৩. শপথ এ

الْبَلَدِ الْاَمِيْنِ ۙ ⟨৩⟩ لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ

বালাদিল আমীন ৪। লাক্বদ খলাক্বনাল ইন্ছা-না ফী- আহ্ছানি

নিরাপদ (মক্কা) শহরের, ৪. অবশ্যই আমি মানুষকে সর্বোত্তম অবয়বে সৃষ্টি করেছি।

تَقْوِيْمٍ ۙ ⟨৪⟩ ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ ۙ ⟨৫⟩ اِلَّا الَّذِيْنَ

তাক্বওয়ীম্। ৫। ছুম্মা রদাদ্না-হু আছ্ফালা ছা-ফিলীন্ ৬। ইল্লাল্ লাযীনা

৫. তারপর (পাপের কারণে) আমি তাকে সর্বনিম্নস্তরে ফিরিয়ে দিয়েছি। ৬. তবে যারা

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ؕ ⟨৬⟩

আ-মানূ ওয়া 'আমিলুছ ছ-লিহা-তি ফালাহুম আজরুন গইরু মামনূন্।

ঈমান এনেছে এবং ভালো কাজ করেছে, (তাদেরকে নিম্নস্তরে ফিরিয়ে দেইনি) তাদের জন্য রয়েছে অফুরন্ত পুরস্কার।

فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ۝٧ اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ

৭। ফামা- ইয়ুকায্‌যিবুকা বা'দু বিদ্‌দীন্। ৮। আলাইছাল্লা-হু বিআহ্‌কামিল

৭. (বলতে পারো,) এরপরও কোন্ জিনিস তোমাকে শেষ বিচারের দিনটিকে মিথ্যা প্রতিপন্ন করাচ্ছে? ৮. আল্লাহ কি সব বিচারকের

الْحٰكِمِيْنَ ۝٨

হা-কিমীন্।

তুলনায় শ্রেষ্ঠ বিচারক নন?

রুকূ' ১ | সূরা-৯৬ ঃ আল 'আলাক্ব | আয়াত ১৯

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ ۝١ خَلَقَ الْاِنْسَانَ مِنْ

১। ইক্বরা বিছ্‌মি রব্‌বিকাল্লাযী খলাক্ব। ২। খলাক্বল ইন্‌ছা-না মিন্

১. (হে নবী) তুমি তোমার প্রভুর নামে পড়ো, যিনি সৃষ্টি করেছেন। ২. তিনি মানুষকে জমাটবাঁধা রক্ত থেকে সৃষ্টি করেছেন।

عَلَقٍ ۝٢ اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ ۝٣ الَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ ۝٤

'আলাক্ব। ৩। ইক্বরা ওয়া রব্‌বুকাল আকরম ৪। আল্লাযী 'আল্লামা বিল্ ক্বলাম

৩. তুমি পড়ো এবং (মনে রাখো) তোমার রব বড়ো দয়ালু। ৪. তিনি (মানুষকে) কলম দ্বারা (জ্ঞান) শিখিয়েছেন।

عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝٥ كَلَّآ اِنَّ الْاِنْسَانَ

৫। 'আল্লামাল ইন্‌ছা-না-মা-লাম ইয়া'লাম্। ৬। কাল্লা- ইন্‌নাল ইন্‌ছা-না

৫. তিনি মানুষকে (এমন জ্ঞান) শিখিয়েছেন যা মানুষ জানতো না। ৬. বস্তুত মানুষ তো

لَيَطْغٰى ۝٦ اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ۝٧ اِنَّ اِلٰى رَبِّكَ

লাইয়াত্বগা- ৭। আর্‌রআ-হুছ্ তাগনা-। ৮। ইন্‌না ইলা- রব্‌বিকার

সীমালংঘন করেই থাকে। ৭. কেননা সে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করেছে। ৮. অথচ (এ নির্বোধ ভেবে দেখেনি,) একদিন অবশ্যই তোমার প্রভুর দিকে

الرُّجْعٰى ۝٨ اَرَءَيْتَ الَّذِيْ يَنْهٰى ۝٩ عَبْدًا اِذَا

রুজ'আ-। ৯। আরআইতাল্লাযী ইয়ান্‌হা-। ১০। 'আব্‌দান ইযা-

(তার) প্রত্যাবর্তন করতে হবে। ৯. তুমি কি ওই লোকটির আচরণ লক্ষ করে দেখেছো যে বাধা দেয়– ১০. এক বান্দাকে– যখন

صَلّٰى ﴿١٠﴾ اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ﴿١١﴾ اَوْ

ছল্‌লা। ১১। আরাআইতা ইন্‌ কা-না 'আলাল হুদা-। ১২। আও
সে নামায আদায় করে; ১১. তুমি কি মনে করো, যদি সে বান্দা সঠিক পথের উপর অবিচল থাকে? ১২. অথবা

اَمَرَ بِالتَّقْوٰى ﴿١٢﴾ اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿١٣﴾

আমারা বিত্‌তাক্বওয়া-। ১৩। আরাআইতা ইন্‌ কাযযাবা ওয়াতাওয়াল্‌লা-।
সে যদি (অন্যদের) আল্লাহভীতির আদেশ দেয়? ১৩. এই নিষেধকারী সম্পর্কে তুমি কি মনে করো যদি সে (আল্লাহকে) মিথ্যা প্রতিপন্ন করে এবং (তাঁর থেকে) মুখ ফিরিয়ে নেয়।

اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ﴿١٤﴾ كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ

১৪। আলাম ইয়া'লাম বিআন্‌নাল্লা-হা ইয়ার-া। ১৫। কাল্‌লা-লাইল্‌লাম ইয়ান্‌তাহি
১৪. এ (বাধা দানকারী) লোকটি কি জানে না যে, আল্লাহ (তার সব কিছুই) দেখেন। ১৫. (কিছুতেই) না, যদি সে (এ আচরণ থেকে) ফিরে না আসে,

لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ﴿١٥﴾ نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۚ ﴿١٦﴾

লানাছ্‌ফা'আম বিন্‌না-ছিইয়াহ্‌ ১৬। না-ছিইয়াতিন কা-যিবাতিন খ-ত্বিআহ্‌।
তাহলে অবশ্যই আমি তার মাথার সম্মুখভাগের চুলের গোছা ধরে টান দিবো, ১৬. এ লোকটি হচ্ছে মিথ্যা প্রতিপন্নকারী অপরাধী,

فَلْيَدْعُ نَادِيَهٗ ﴿١٧﴾ سَنَدْعُ الزَّبَانِيَةَ ﴿١٨﴾ كَلَّا ؕ لَا

১৭। ফাল ইয়াদ্‌'উ নাদিইয়াহূ ১৮। ছানাদ্‌'উঝ ঝাবা-নিয়াতা ১৯। কাল্‌লা; লা
১৭. অতএব (বাঁচার জন্যে আজ) সে তার সঙ্গী-সাথীদের ডেকে আনুক, ১৮. আমিও জাহান্নামের প্রহরীদেরকে ডেকে আনবো, ১৯. না, তুমি তার

সেজদা
تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۩ ﴿١٩﴾

তুত্বি'হু ওয়াছ্‌জুদ ওয়া ক্বতারিব।
অনুসরণ করো না, তুমি (আল্লাহর জন্য) সাজদা করো এবং তাঁর নৈকট্য লাভ করো।

রুকূ' ১

সূরা-৯৭ ঃ আল ক্বাদ্‌র

মক্কায় অবতীর্ণ

আয়াত ৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۚ ﴿١﴾ وَمَآ اَدْرٰىكَ مَا

১। ইন্‌না-আন্‌ঝাল্‌না-হু ফী লাইলাতিল ক্বদ্‌র। ২। ওয়া মা আদ্‌রা-কা মা-
১. অবশ্যই আমি এ (কুরআন) কদরের রাতে নাযিল করেছি। ২. তুমি কি জানো- কদরের রাতটি কি?

পারা- ৩০

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্‌

لَيْلَةُ الْقَدْرِ ۝٢ لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ ۝٣

লাইলাতুল ক্বদর্। ৩। লাইলাতুল ক্বদ্রি খইরুম মিন্ আলফি শাহর্।

৩. কদরের এ রাতটি হাজার মাস অপেক্ষা উত্তম।

تَنَزَّلُ الْمَلَٰٓئِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم مِّن

৪। তানাঝঝালুল মালা–'য়িকাতু ওয়ার্রূহু ফীহা- বিইয্নি রব্বিহিম মিন্

৪. এই (রাত)-এর মধ্যে ফেরেশতা ও 'রূহ' (জিবরাঈল) তাদের প্রভুর অনুমতি নিয়ে

كُلِّ أَمْرٍ ۝٤ سَلَٰمٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ ۝٥

কুল্লি আম্র্ ৫। ছালা-মুন, হীয়া হাত্তা- মাত্ব্ লা'ইল ফাজ্রি।

আদেশসহ (যমীনে) অবতরণ করে, ৫.(আদেশ বার্তা হচ্ছে চিরন্তন) প্রশান্তি, তা উষার উদয় হওয়া পর্যন্ত (অব্যাহত) থাকে।

রুকু' ১ | সূরা-৯৮ ঃ আল বায়্যিনাহ | আয়াত ৪০

মদীনায় অবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَٰبِ

১। লাম ইয়াকুনিল্ লাযীনা কাফারূ মিন্ আহ্লিল কিতা-বি

১. আহলে কিতাব ও মোশরেকদের মধ্য হতে যারা কাফির ছিলো,

وَالْمُشْرِكِينَ مُنفَكِّينَ حَتَّىٰ تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ ۝١

ওয়াল মুশ্রিকীনা মুন্ফাক্কীনা হাত্তা- তা'তিইয়াহুমুল বাইয়্যিনাহ

তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ না আসা পর্যন্ত তারা (কুফর হতে) ফিরে আসতে প্রস্তুত ছিলে না।

رَسُولٌ مِّنَ اللَّهِ يَتْلُوا صُحُفًا مُّطَهَّرَةً ۝٢

২। রছূলুম মিনাল্লা-হি ইয়াত্লূ ছুহুফাম মুত্বাহ্হারতান্

২. আল্লাহর পক্ষ থেকে আগত রাসূল (তাদেরকে) পবিত্র সহীফাসমূহ পড়ে শোনাবে,

فِيهَا كُتُبٌ قَيِّمَةٌ ۝٣ وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا

৩। ফীহা- কুতুবুন ক্বইয়িমাহ্। ৪। ওয়া মা- তাফার্রাক্বাল্ লাযীনা উতুল

৩. এগুলোর মধ্যে রয়েছে ভারসাম্যমূলক লিখিত নির্দেশাবলী। ৪. যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের কাছে

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ ؕ ﴿۴﴾

কিতা-বা ইল্লা- মিম বা'দি মা-জা-আত্হুমুল বাইয়্যিনাহ্।

সুস্পষ্ট প্রমাণ এসে যাওয়ার পরই তারা দলে দলে বিভক্ত হয়ে পড়েছে।

وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ

৫। ওয়া- মা- উমিরূ ইল্লা-লিইয়া'বুদুল্ল-হা মুখ্লিছীনা লাহুদ্

৫. (অথচ) তারা তো আদিষ্ট হয়েছিল আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে

الدِّيْنَ ۙ۬ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا

দীনা হুনাফা-আ ওয়া ইয়ুক্বীমুছ ছালা-তা ওয়া ইউতুঝ

একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করতে এবং নামায আদায় করতে,

الزَّكٰوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّمَةِ ؕ ﴿۵﴾ اِنَّ الَّذِيْنَ

ঝাকা-তা ওয়াযা-লিকা দীনুল ক্বইয়্যিমাহ্। ৬। ইন্নাল্ লাযীনা

আর যাকাত দিতে, আর এটাই ছিল সঠিক দ্বীন।

كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِيْ نَارِ

কাফারূ মিন্ আহ্লিল কিতা-বি ওয়াল্ মুশ্রিকীনা ফী না-রি

৬. আহলে কিতাব ও মোশরেকদের মধ্য হতে যারা কাফির, তারা জাহান্নামের আগুনে থাকবে,

جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ؕ ﴿۶﴾

জাহান্নামা খ-লিদীনা ফীহা; উলা-ইকা হুম শার্রুল বারিইয়াহ্।

চিরকাল সেখানে থাকবে, এ লোকগুলোই হচ্ছে নিকৃষ্টতম সৃষ্টি।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ اُولٰٓئِكَ

৭। ইন্নাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ ছ-লিহা-তি উলা-ইকা

৭. নিশ্চয় যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে,

هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ؕ ﴿۷﴾ جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ

হুম খইরুল বারিইয়াহ্। ৮। জাঝা-উহুম ইন্দা রব্বিহিম জান্না-তু

তারা হচ্ছে সৃষ্টির সেরা। ৮. তাদের পুরস্কার রয়েছে তাদের প্রভুর কাছে, (আর তা হলো) জান্নাত

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ

'আদ্‌নিন তাজ্‌রী মিন তাহ্‌তিহাল আন্‌হা-রু খ-লিদীনা
আদন, যার নিচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত, এরা সেখানে

فِيْهَآ اَبَدًا ۚ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ۚ ذٰلِكَ

ফীহা– আবাদা; রাদিয়াল্লা-হু 'আন্‌হুম ওয়ারাদূ 'আন্‌হু; যা-লিকা
স্থায়ীভাবে বাস করবে; আল্লাহ তাদের উপর সন্তুষ্ট, তারাও তাঁর উপর সন্তুষ্ট; এ

لِمَنْ خَشِيَ رَبَّهٗ ﴿٨﴾

লিমান খশিয়া রব্‌বাহ্‌।
পুরস্কার তার জন্যে যে, (দুনিয়ার জীবনে) তার প্রভুকে ভয় করেছে।

সূরা-৯৯ ঃ আয যিল্‌যা-ল

রুকূ' ১ — মদীনায় অবতীর্ণ — আয়াত ৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا ﴿١﴾ وَاَخْرَجَتِ

১। ইযা- যুল্‌যিলাতিল আর্‌দু ঝিল্‌ঝা-লাহা- ২। ওয়াআখ্‌রজাতিল
১. যখন প্রচণ্ড ঝাঁকুনি দিয়ে পৃথিবীকে কম্পিত করা হবে– ২. এবং পৃথিবী তার (মধ্যে রক্ষিত)

الْاَرْضُ اَثْقَالَهَا ﴿٢﴾ وَقَالَ الْاِنْسَانُ مَا لَهَا ﴿٣﴾

আরদূ আছক্বা-লাহা- ৩। ওয়া ক্বা-লাল ইনছা-নু মা-লাহা-।
বোঝাসমূহ বের করে দেবে, ৩. তখন মানুষরা (দিশাহারা হয়ে) বলতে থাকবে, তার কী হয়েছে!

يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا ﴿٤﴾ بِاَنَّ رَبَّكَ اَوْحٰى

৪। ইয়াওমাইযিন তুহাদ্‌দিছু আখ্‌বা রহা- ৫। বিআন্‌না রব্‌বাকা আওহা-
৪. সেদিন সে (তার বুকের উপর সংঘটিত সব কিছু) বর্ণনা করবে। ৫. কেননা তোমার রব তাকে এরূপ করার আদেশ দেবেন।

لَهَا ﴿٥﴾ يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا ۙ

লাহা-। ৬। ইয়াওমাইযিই ইয়াছ্‌দুরু ন্‌না-ছু আশ্‌তা-তাল
৬. সেদিন মানুষ এলোমেলোভাবে ফিরে আসবে,

لِّيُرَوْا اَعْمَالَهُمْ ﴿٦﴾ فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ

লিইউরাও আ'মা-লাহুম। ৭। ফামাই ইয়া'মাল মিছ্কা-লা যার্রতিন

যেন তাদেরকে তাদের আমলসমূহ দেখানো যায়। ৭. সুতরাং যে ব্যক্তি এক অণু পরিমাণ কোনো ভালো কাজ করবে (সেদিন) সে তা

خَيْرًا يَّرَهٗ ﴿٧﴾ وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ﴿٨﴾

খইরাই ইয়ারাহ্। ৮। ওয়ামাই ইয়া'মাল মিছ্কা-লা যার্রতিন শার্রাই ইয়ারাহ্।

দেখতে পাবে। ৮. আর যে ব্যক্তি অণু পরিমাণ মন্দ কাজ করবে, সে তা দেখতে পাবে।

রুকূ' ১ | সূরা-১০০ : আল 'আ-দিয়াত | আয়াত ১১

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعٰدِيٰتِ ضَبْحًا ﴿١﴾ فَالْمُوْرِيٰتِ قَدْحًا ﴿٢﴾

১। ওয়াল 'আ-দিয়া-তি দব্হা ২। ফাল মূরিয়া-তি ক্বদ্হা

১. শপথ সেই ঘোড়াগুলোর, যারা হ্রেষাধ্বনী করতে করতে দৌড়ায়, ২. অতঃপর এই ঘোড়াগুলো তাদের খুরের আঘাতে অগ্নিস্ফুলিংগ বের করে,

فَالْمُغِيْرٰتِ صُبْحًا ﴿٣﴾ فَاَثَرْنَ بِهٖ نَقْعًا ﴿٤﴾ فَوَسَطْنَ

৩। ফালমুগীরা-তি ছুবহা ৪। ফাআছারনা বিহী নাক্ব'আ ৫। ফাওয়াছাত্বনা

৩. তারপর এই সব ঘোড়া প্রভাতকালে আক্রমণ চালায়, ৪. এরপর তারা এ সময় ধুলা উড়ায়, ৫. এরপর শত্রু দলের মধ্যে তারা প্রবেশ করে,

بِهٖ جَمْعًا ﴿٥﴾ اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ﴿٦﴾ وَاِنَّهٗ عَلٰى

বিহী জাম্'আ ৬। ইন্নাল ইন্ছা-না লিরব্বিহী লাকানূদ্। ৭। ওয়া ইন্নাহূ 'আলা

৬. অবশ্যই মানুষ তার প্রভুর ব্যাপারে অকৃতজ্ঞ। ৭. আর তার (এ অকৃতজ্ঞ আচরণ)-এর উপর সে (নিজেই)

ذٰلِكَ لَشَهِيْدٌ ﴿٧﴾ وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ﴿٨﴾

যা-লিকা লা শাহীদ্। ৮। ওয়া ইন্নাহূ লিহুব্বিল খইরি লাশাদীদ্।

সাক্ষী। ৮. নিশ্চিত সে (মানুষটি) ধন-সম্পদের লালসায় নিমজ্জিত।

اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى الْقُبُوْرِ ﴿٩﴾ وَحُصِّلَ مَا

৯। আফালা- ইয়া'লামু ইযা- বু'ছিরা মা ফিল্ কুবূর ১০। ওয়াহুছছিলা মা

৯. সে কি (ওই সময়ের কথা) জানে না, যখন কবরের মধ্যে যা কিছু আছে তা বের করে আনা হবে- ১০. এবং (মানুষের)

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

فِي الصُّدُورِ ﴿١٠﴾ إِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيرٌ ﴿١١﴾

ফিছ ছুদূর ১১। ইন্না রব্বাহুম বিহিম ইয়াওমাইযিল লাখবীর্।
অন্তরে যা (ছিলো তখন) তা প্রকাশ করে দেয়া হবে, ১১. এদের সম্পর্কে অবশ্যই তাদের প্রভু ভালো জানেন।

রুকূ' ১ — সূরা-১০১ ঃ আল ক্বারি'আহ — আয়াত ১১
মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

الْقَارِعَةُ ﴿١﴾ مَا الْقَارِعَةُ ﴿٢﴾ وَمَا أَدْرَاكَ

১। আলক্বা-রি 'আতু ২। মালক্বা-রি'আহ্। ৩। ওয়া মা– আদ্রা-কা
১. এক মহা (আঘাতকারী) দুর্যোগ! ২. কি সে মহাদুর্যোগ? ৩. তুমি কি জানো–

مَا الْقَارِعَةُ ﴿٣﴾ يَوْمَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ

মাল্ ক্বা-রি'আহ্। ৪। ইয়াওমা ইয়াকূনুন্না-ছু কাল্ফারা-শিল
সে মহাদুর্যোগটা কি? ৪. সেদিন মানুষগুলো বিক্ষিপ্ত

الْمَبْثُوثِ ﴿٤﴾ وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ

মাব্ছূছি ৫। ওয়াতাকূনুল জিবা-লু কাল ইহ্নিল
পতংগের মতো হয়ে পড়বে। ৫. পাহাড়গুলো ধূনিত রঙ্গিন তুলার মতো হবে।

الْمَنفُوشِ ﴿٥﴾ فَأَمَّا مَن ثَقُلَتْ مَوَازِينُهُ ﴿٦﴾ فَهُوَ

মানফূশ্। ৬। ফাআম্মা মান্ ছাক্বু লাত মাওয়া-ঝীনুহূ ৭। ফাহুওয়া
৬. অতঃপর (সেদিন) যার ওযনের পাল্লা ভারী হবে, ৭. সে

فِي عِيشَةٍ رَّاضِيَةٍ ﴿٧﴾ وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ ﴿٨﴾

ফী 'ঈশাতির রা-দিয়াহ্। ৮। ওয়াআম্মা মান্ খফ্ফাত মাওয়া-ঝীনুহূ।
সন্তোষজনক জীবন যাপনের মধ্যে থাকবে। ৮. পক্ষান্তরে যার ওযনের পাল্লা হালকা হবে,

فَأُمُّهُ هَاوِيَةٌ ﴿٩﴾ وَمَا أَدْرَاكَ مَا هِيَهْ ﴿١٠﴾

৯। ফাউম্মুহূ হা-বিয়াহ্। ১০। ওয়া মা– আদ্রা-কা-মা-হিয়াহ্।
৯. তাহলে তার ঠিকানা হবে হাবিয়া। ১০. তুমি কি জানো সে (হাবিয়া) কি?

পারা- ৩০

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বল্কলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ

نَارٌ حَامِيَةٌ ﴿١١﴾

১১। না-রুন হা-মিয়াহ্।

১১. তা হচ্ছে জ্বলন্ত আগুন।

রুকূ' ১ — সূরা-১০২ ঃ আত্ তাকা-ছুর — আয়াত ৮

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْهٰكُمُ التَّكَاثُرُ ﴿١﴾ حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ﴿٢﴾

১। আল্হা-কুমুত্ তাকা-ছুরু ২। হাত্তা- ঝুর্তুমুল মাক্বা-বির।

১. প্রাচুর্যের লালসা তোমাদেরকে গাফেল করে রেখেছে, ২. এভাবে একপর্যায়ে তোমরা কবরের সাক্ষাৎ লাভ করবে।

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ﴿٣﴾ ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ﴿٤﴾

৩। কাল্লা-ছাওফা তা'লামুনা ৪। ছুম্মা কাল্লা-ছাওফা তা'লামূন্।

৩. এটা কখনো উচিত নয়, তোমরা শীঘ্রই জানতে পারবে, ৪. তারপরও (বলছি) এটা করা কখনো উচিত নয়, তোমরা শীঘ্রই (এটার পরিণাম) জানতে পারবে।

كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ﴿٥﴾ لَتَرَوُنَّ

৫। কাল্লা-লাও তা'লামূনা 'ইল্মাল ইয়াক্বীন্। ৬। লাতারাউন্নাল

৫. (কতো ভালো হতো!) যদি তোমরা বিশ্বাসযোগ্য জ্ঞান জানতে পারতে। ৬. অবশ্যই তোমরা (সেদিন)

الْجَحِيْمَ ﴿٦﴾ ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ﴿٧﴾ ثُمَّ

জাহীমা ৭। ছুম্মা লাতারাউন্নাহা 'আইনাল ইয়াক্বীন্ ৮। ছুম্মা

জাহান্নাম দেখতে পাবে, ৭. তারপরও বলছি, তোমরা অবশ্যই বিশ্বাসযোগ্য চোখে তা দেখতে পাবে, ৮. এরপর

لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ﴿٨﴾

লাতুছ্আলুন্না ইয়াওমায়িযিন 'আনিন্ নাঈম্।

(আল্লাহর) নেয়ামত সম্পর্কে সেদিন অবশ্যই তোমরা জিজ্ঞাসিত হবে।

রুকূ' ১ — সূরা-১০৩ ঃ আল 'আছর — আয়াত ৩

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা- ৩০

■ইখফা ■ইখফা মীম সাকিন ■ক্বলক্বলা ■ক্বলব ■ইদগাম ■ইদগাম মীম সাকিন ■গুন্নাহ্

وَالْعَصْرِ ۝١ إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ۝٢ إِلَّا الَّذِينَ

১। ওয়াল 'আছরি ২। ইন্নাল ইন্ছা-না লাফী খুছ্রিন্ ৩। ইল্লাল্লাযীনা

১. মহা কালের শপথ, ২. সকল মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে পড়ে আছে, ৩. সে লোকগুলো ব্যতীত, যারা

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ

আ-মানু ওয়া 'আমিলুছ ছ-লিহা-তি ওয়াতাওয়া-ছাও বিল হাক্কি

ঈমান এনেছে এবং নেক আমল করেছে, একে অপরকে সত্যের উপদেশ দিয়েছে

وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝٣

ওয়া তাওয়া-ছাও বিছ্ ছব্‌র।

এবং একে অপরকে ধৈর্য ধারণ করার উপদেশ দিয়েছে।

সূরা-১০৪ : আল হুমাযাহ্

রুকূ' ২ — মক্কায় অবতীর্ণ — আয়াত ৯

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

وَيْلٌ لِكُلِّ هُمَزَةٍ لُمَزَةٍ ۝١ الَّذِي جَمَعَ مَالًا

১। ওয়াইলুল্লি কুল্লি হুমাঝা-তিল্ লুমাঝাহ। ২। আল্লাযী জামা'আ মা-লাওঁ

১. দুর্ভোগ রয়েছে প্রত্যেক পিছনে ও সামনে নিন্দাকারী ব্যক্তির জন্যে, ২. যে অর্থ সঞ্চয় করে

وَعَدَّدَهُ ۝٢ يَحْسَبُ أَنَّ مَالَهُ أَخْلَدَهُ ۝٣

ওয়া'আদ্দাদাহু ৩। ইয়াহ্ছাবু আন্না মা-লাহু- আখ্লাদাহ্।

এবং তা গুনে রাখে, ৩. সে মনে করে, অবশ্যই তার সম্পদ তাকে (এ দুনিয়ায়) স্থায়ী করে রাখবে।

كَلَّا لَيُنْبَذَنَّ فِي الْحُطَمَةِ ۝٤ وَمَا أَدْرَاكَ

৪। কাল্লা- লায়ুম্বাযান্না ফিল্ হুত্বমাহ্। ৫। ওয়া মা- আদরা-কা

৪. না, কখনো নয়, অবশ্যই সে (হুতামার মধ্যে) চূর্ণবিচূর্ণকারী আগুনে নিক্ষিপ্ত হবে। ৫. তুমি কি জানো,

مَا الْحُطَمَةُ ۝٥ نَارُ اللَّهِ الْمُوقَدَةُ ۝٦ الَّتِي تَطَّلِعُ

মাল হুত্বমাহ্। ৬। না-রুল্লা-হিল মূক্বদাতুল ৭। লাতী তাত্বত্বলিউ'

(এই) চূর্ণ বিচূর্ণকারী আগুন কি জিনিস? ৬. (এ হচ্ছে) আল্লাহর প্রজ্বলিত এক আগুন, ৭. যা

ইখ্ফা | ইখ্ফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

عَلَى الْأَفْئِدَةِ ۝٧ إِنَّهَا عَلَيْهِمْ مُؤْصَدَةٌ ۝٨ فِي

'আলাল আফ্ইদাহ্। ৮। ইন্নাহা 'আলাইহিম মু'ছদাতুন্। ৯। ফী

হৃদয়ের উপর পর্যন্ত পৌছে যাবে। ৮. (অগ্নিকুণ্ডলীর গর্ত বন্ধ করে) তাদের উপর ঢাকনা দিয়ে রাখা হবে, ৯. (তা গেড়ে)

عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝٩

'আমাদিম মুমাদ্দাহ্।

রাখা হবে উঁচু উঁচু থামের মধ্যে।

রুকূ' ১ | সূরা-১০৫ ঃ আল ফীল | আয়াত ৫

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ۝١

১। আলাম তারা কাইফা ফা'আলা রব্বুকা বিআছ্হা-বিল ফীল্।

১. (হে নবী,) তুমি কি লক্ষ্য করোনি তোমার প্রভু হস্তিবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন?

اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِيْ تَضْلِيْلٍ ۝٢ وَّاَرْسَلَ

২। আলাম ইয়াজ আল কাইদাহুম ফী তাদ্‌লীলিওঁ ৩। ওয়া আর্‌ছালা

২. তিনি কি তাদের চক্রান্ত ব্যর্থ করে দেননি? ৩. তিনি তাদের উপর

عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ ۝٣ تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ

'আলাইহিম ত্বইরন আবা-বীল ৪। তারমীহিম বিহিজা-রতিম

ঝাঁকে ঝাঁকে (আবাবীল) পাখী প্রেরণ করলেন, ৪. যারা তাদের উপর পাকা মাটির পাথরের

مِّنْ سِجِّيْلٍ ۝٤ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ۝٥

মিন্ ছিজ্জীলি। ৫। ফাজা'আলাহুম কা'আছ্‌ফিম মাকূল্।

টুকরো নিক্ষেপ করছিলো। ৫. অতঃপর তিনি তাদেরকে জন্তু জানোয়ারের চর্বিত (ঘাস পাতা)-এর মতো করে দিলেন।

রুকূ' ১ | সূরা-১০৬ ঃ কুরাইশ | আয়াত ৪

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা- ৩০

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

لِاِيْلٰفِ قُرَيْشٍ ۝١ اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَاۤءِ

১। লিঈলা-ফি কুরাইশিন্ ২। ঈলা-ফিহিম রিহ্লাতাশ শিতা–ই

১. কোরায়শদের আসক্তি আছে। ২. তাদের আসক্তি আছে শীত ও গ্রীষ্মের

وَالصَّيْفِ ۝٢ فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ ۝٣

ওয়াছ্‌ছাইফ্। ৩। ফাল্‌ইয়া'বুদূ রব্‌বা হা-যাল বাইতি

সফরের প্রতি। ৩. তারা যেন এ ঘরের প্রভুর ইবাদাত করে,

الَّذِيْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ

৪। আল্ লাযী- আত্ব'আমাহুম মিন্ জু'ইওঁ ওয়া আ-মানাহুম

৪. যিনি ক্ষুধায় তাদেরকে আহার দিয়েছেন এবং তাদেরকে

مِّنْ خَوْفٍ ۝٤

মিন্ খওফ্।

ভয় ভীতি থেকে নিরাপদ রেখেছেন।

রুকূ' ১ | সূরা-১০৭ ঃ আল মা-উন | আয়াত ৭

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَرَءَيْتَ الَّذِيْ يُكَذِّبُ بِالدِّيْنِ ۝١ فَذٰلِكَ الَّذِيْ

১। আরাআইতাল্ লাযী-ইয়ুকায্‌যিবু বিদ্‌দীন্। ২। ফাযা-লিকাল্ লাযী

১. তুমি কি তাকে দেখেছো, যে বিচারের দিনকে অস্বীকার করে। ২. এ হচ্ছে সেই লোক, যে

يَدُعُّ الْيَتِيْمَ ۝٢ وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۝٣

ইয়াদু'উ'ল ইয়াতীমা ৩। ওয়ালা ইয়াহুদ্দু 'আলা-ত্বা'আ-মিল মিছকীন্।

এতীমকে তাড়িয়ে দেয়। ৩. মিসকীনদের খাবার দিতে উৎসাহ দেয় না।

فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ۝٤ الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ

৪। ফাওয়াইলুল্ লিল মুছল্লীন ৫। আল্‌লাযীনা হুম 'আন্ ছলা-তিহিম

৪. (তারপর জেনে রেখো,) দুর্ভোগ রয়েছে ওই সব (মুনাফেক) মুসল্লিদের জন্যে, ৫. যারা নিজেদের নামায সম্বন্ধে

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

سَاهُوْنَ ﴿٥﴾ الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ﴿٦﴾ وَيَمْنَعُوْنَ

ছা-হূন্ ৬। আল্লাযীনা হুম ইয়ুরা-উনা। ৭। ওয়া ইয়াম না'উনাল
উদাসীন, ৬. এরাই তো- (লোকজনকে) দেখাবার জন্য আমল করে- ৭. এবং অন্যদেরকে নিত্য ব্যবহারিক

الْمَاعُوْنَ ﴿٧﴾

মা-'উন্।

জিনিসপত্র পর্যন্ত দিতে নিষেধ করে।

সূরা-১০৮ : আল কাওছার

রুকূ' ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

إِنَّآ أَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ﴿١﴾ فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ﴿٢﴾

১। ইন্না- আ'ত্বইনা- কাল কাওছার। ২। ফাছল্লি লিরব্বিকা ওয়ান্হার্।
১. (হে নবী,) অবশ্যই আমি তোমাকে কাওসার দান করেছি। ২. অতএব তোমার প্রভুর সন্তোষলাভের জন্যে তুমি নামায পড়ো এবং কোরবানী করো;

إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ ﴿٣﴾

৩। ইন্না শা-নিআকা হুওয়াল আব্তার্।
৩. নিশ্চয় তোমার শত্রু হবে শেকড়-কাটা (নির্বংশ)।

সূরা-১০৯ : আল কা-ফিরূন

রুকূ' ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ يٰٓأَيُّهَا الْكٰفِرُوْنَ ﴿١﴾ لَآ أَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ﴿٢﴾

১। কুল ইয়া আইয়ুহাল কাফিরূন ২। লা-আ'বুদু মা- তা'বুদূন
১. (হে নবী,) তুমি বলো, হে কাফেররা, ২. আমি তাদের ইবাদত করি না- তোমরা যাদের ইবাদত করো,

وَلَآ أَنْتُمْ عٰبِدُوْنَ مَآ أَعْبُدُ ﴿٣﴾ وَلَآ أَنَا عَابِدٌ مَّا

৩। ওয়ালা- আনতুম 'আ-বিদূনা মা-আ'বুদ্। ৪। ওয়ালা- আনা 'আ-বিদুম মা-
৩. তোমরা তাঁর ইবাদত করো না- যার ইবাদত আমি করি। ৪. এবং আমি তাদের ইবাদত করবো না তোমরা যাদের

পারা- ৩০

■ ইখফা ■ ইখফা মীম সাকিন ■ ক্বলক্বলা ■ ক্বলব ■ ইদগাম ■ ইদগাম মীম সাকিন ■ গুন্নাহ্

عَبَدْتُّمْ ۝٤ وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۝٥ لَكُمْ

‘আবাত্তুম্ ৫। ওয়ালা- আনতুম্ আ-বিদূনা মা- আ‘বুদ্। ৬। লাকুম

ইবাদত করো, ৫. তোমরা ইবাদত করবে না– যাঁর ইবাদত আমি করি; ৬. তোমাদের জন্যে

دِيْنُكُمْ وَلِىَ دِيْنِ ۝٦

দীনুকুম ওয়ালিইয়াদীন্।

তোমাদের দ্বীন, আর আমার জন্যে আমার দ্বীন।

রুকূ‘ ১ | সূরা-১১০ ঃ আন্ নাছ্‌র | আয়াত ৩

মদীনায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۝١ وَرَاَيْتَ النَّاسَ

১। ইযা- জা– আ নাছ্‌রুল্লা-হি ওয়াল্ ফাত্‌হু ২। ওয়া রাআইতান্‌না-ছা

১. (হে নবী) যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে, ২. এবং তখন তুমি মানুষদেরকে দেখবে,

يَدْخُلُوْنَ فِىْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۝٢ فَسَبِّحْ بِحَمْدِ

ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্ লা-হি আফ্‌ওয়া-জা ৩। ফাছাব্বিহ বিহাম্‌দি

তারা দলে দলে আল্লাহর দ্বীনের মধ্যে প্রবেশ করছে। ৩. তখন তুমি তোমার প্রভুর প্রশংসাসহ তাসবীহ পাঠ করো

رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ۚ اِنَّهٗ كَانَ تَوَّابًا ۝٣

রব্বিকা ওয়াছ্‌তাগফির্হু; ইন্নাহূ কা-না তাওওয়া-বা।

এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করো; নিশ্চয়ই তিনি তওবা কবুলকারী।

রুকূ‘ ১ | সূরা-১১১ ঃ লাহাব | আয়াত ৫

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَبَّتْ يَدَآ اَبِىْ لَهَبٍ وَّتَبَّ ۝١ مَآ اَغْنٰى عَنْهُ

১। তাব্বাত ইয়াদা- আবী লাহাবিওঁ ওয়াতাব্। ২। মা- আগ্‌না ‘আন্‌হু

১. (ইসলাম বিরোধিতার কারণে দুনিয়া আখেরাতে) আবু লাহাবের দুটো হাতই ধ্বংস হোক এবং ধ্বংস হয়েও গেলো। ২. তার ধন সম্পদ ও তার উপার্জন

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

مَآ اَغۡنٰى عَنۡهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۝٢ سَيَصۡلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۝٣

মা- লুহূ ওয়া মা- কাছাব্। ৩। ছাইয়াছ্‌লা- না-রান্ যা-তা লাহাবিও।

তার কোনো কাজে আসলো না; ৩. শীঘ্রই সে লেলিহান শিখাবিশিষ্ট আগুনে প্রবেশ করবে,

وَّامۡرَاَتُهٗ ؕ حَمَّالَةَ الۡحَطَبِ ۝٤ فِىۡ جِيۡدِهَا حَبۡلٌ

৪। ওয়াম্‌রাআতুহ; হাম্‌মা-লাতাল হাত্বব্। ৫। ফী জীদিহা-হাব্‌লুম

৪. (সাথে থাকবে) জ্বালানি কাঠের বোঝা বহনকারিণী তার স্ত্রীও। ৫. (মনে হবে) তার গলায় যেন

مِّنۡ مَّسَدٍ ۝٥

মিম মাছাদ্।

খেজুর পাতার পাকানো রশি জড়িয়ে আছে।

সূরা-১১২ ঃ আল ইখ্‌লা-ছ

রুকূ' ১ | মদীনায় অবতীর্ণ | আয়াত ৪

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

قُلۡ هُوَ اللّٰهُ اَحَدٌ ۝١ اَللّٰهُ الصَّمَدُ ۝٢ لَمۡ يَلِدۡ ۙ

১। কুল হুওয়াল্‌লাহূ আহাদ্। ২। আল্লা-হুছ্ছামাদ্। ৩। লাম ইয়ালিদ

১. (হে নবী,) তুমি বলো, তিনিই আল্লাহ, এক। ২. আল্লাহ অভাব মুক্ত। ৩. তিনি কাউকে জন্ম দেননি,

وَلَمۡ يُوۡلَدۡ ۝٣ وَلَمۡ يَكُنۡ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝٤

ওয়া লাম্ ইয়ূলাদ্ ৪। ওয়া লাম্ ইয়া কুল্‌লাহূ কুফুওয়ান আহাদ্।

আর কারো থেকে তিনি জন্মগ্রহণ করেননি। ৪. আর তাঁর সমকক্ষ কেউ-ই নয়।

সূরা-১১৩ ঃ আল ফালাক্ব

রুকূ' ১ | মক্কায় অবতীর্ণ | আয়াত ৫

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

قُلۡ اَعُوۡذُ بِرَبِّ الۡفَلَقِ ۝١ مِنۡ شَرِّ مَا

১। কুল আ'উযু বিরব্বিল ফালাক্ব ২। মিন্ শার্‌রি মা-

১. (হে নবী,) তুমি বলো, আমি উষার প্রভুর কাছে আশ্রয় চাই, ২. যা কিছু তিনি সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে,

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

خَلَقَ ۝٢ وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۝٣ وَمِنْ

খলাক্ব ৩। ওয়া মিন্ শার্‌রি গা-ছিক্বিন ইযা ওয়াক্বব্ ৪। ওয়া মিন্

৩. আমি আশ্রয় চাই রাতের অনিষ্ট থেকে, যখন রাত আচ্ছন্ন হয়। ৪. (আমি আশ্রয় চাই)

شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ۝٤ وَمِنْ شَرِّ حَاسِدٍ

শার্‌রিন্ নাফ্‌ফা-ছাতি ফিল্ 'উক্বাদ ৫। ওয়া মিন্ শার্‌রি হা-ছিদিন

গিরায় ফুঁক দানকারিণী যাদুকরদের অনিষ্ট থেকে। ৫. এবং হিংসাকারীর অনিষ্ট থেকেও

اِذَا حَسَدَ ۝٥

ইযা- হাছাদ।

যখন সে হিংসা করে।

রুকূ' ১ | সূরা-১১৪ ঃ আন্ না-ছ | আয়াত ৬

মক্কায় অবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۝١ مَلِكِ النَّاسِ ۝٢

১। কুল আ'উযু বির্‌ব্বিন না-ছ ২। মালিকিন্ না-ছ

১. (হে নবী,) তুমি বলো, আমি আশ্রয় চাই মানুষের প্রভুর কাছে, ২. (যিনি) মানুষের বাদশাহ,

اِلٰهِ النَّاسِ ۝٣ مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ ۝٤

৩। ইলা- হিন্ না-ছ ৪। মিন্ শার্‌রিল ওয়াছ ওয়া-ছিল খন্ না-ছ।

৩. (আশ্রয় চাই) মানুষের ইলাহ্‌র কাছে, ৪. (আশ্রয় চাই) কুমন্ত্রণাদানকারীর অনিষ্ট থেকে, যে (প্ররোচনা দিয়ে) গা ঢাকা দেয়,

الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ۝٥ مِنَ

৫। আল্‌লাযী ইউওয়াছ্‌ওয়ীছু ফী ছুদূরিন্ না-ছ ৬। মিনাল

৫. যে মানুষের অন্তরসমূহে কুমন্ত্রণা দেয়,

الْجِنَّةِ وَالنَّاسِ ۝٦

জিন্‌নাতি ওয়ান্ না-ছ।

৬. (সে) জ্বিনদের মধ্য থেকে হোক, আর মানুষদের মধ্য থেকে হোক।

ইখফা | ইখফা মীম সাকিন | ক্বলক্বলা | ক্বলব | ইদগাম | ইদগাম মীম সাকিন | গুন্নাহ্

বাংলা উচ্চারণের ক্ষেত্রে আমরা যে পদ্ধতি অবলম্বন করেছি

এক ভাষার উচ্চারণ অন্য ভাষায় কখনোই পুরোপুরি সঠিকভাবে লেখা যায় না। কুরআন শরীফের ক্ষেত্রে বিষয়টি আরো জটিল। যারা কুরআন পড়তে পারেন না কিংবা শিখে থাকলেও ভুলে গেছেন তারা নিচের এই পদ্ধতি অনুসরণ করে সামান্য কয়েক দিন তিলাওয়াত করলে কুরআন তিলাওয়াতে সক্ষম হবেন ইনশাআল্লাহ। ১০০% সহীহ্ শুদ্ধ কুরআন তিলাওয়াত শেখা শুধুমাত্র অভিজ্ঞ উস্তাদের অধীনে থেকেই সম্ভব। আরবী উচ্চারণ বাংলা ভাষায় কেমন হতে পারে শুধুমাত্র এটা বুঝার জন্যই উচ্চারণ দেয়া হলো। আরবী হরফ অনুযায়ী বাংলা অক্ষর ও সিম্বল ছাড়াও যে স্থানে এক আলিফ পরিমাণ দীর্ঘ টান হবে সেখানে 'া' বা '়' ব্যবহার করা হয়েছে।

আরবী অক্ষর	উচ্চারণ	যেভাবে হরফটি উচ্চারণ করতে হবে	বাংলায় ব্যবহৃত বর্ণ
ا	আলিফ	মুখের ভিতর খালি জায়গা হতে বাতাসের সাথে উচ্চারিত হবে। (যখন মাদের জন্য উচ্চারিত হবে।)	আ+ই+উ
ب	বা	দুই ঠোঁটের মধ্যস্থল হতে	ব
ت	তা	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে	ত শেষে গোল ة হলে হ
ث	ছা	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে	ছ
ج	জীম	জিহ্বার মধ্যখান তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	জ
ح	হা	কণ্ঠনালীর মধ্যখান হইতে উচ্চারিত হয়	হ
خ	খ	কণ্ঠনালীর অগ্রভাগ হইতে উচ্চারিত হয়	খ
د	দাল	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে	দ
ذ	যাল	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে	য
ر	রা	জিহ্বার আগার পিঠ, তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	র
ز	ঝা	জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের পেট ও আগার সঙ্গে লাগিয়ে	ঝ
س	ছীন	জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের পেট ও আগার সঙ্গে লাগিয়ে	ছ
ش	শীন	জিহ্বার মধ্যখান তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	শ
ص	ছ-দ	জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের পেট ও আগার সঙ্গে লাগিয়ে	ছ
ض	দ-দ	জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ীর দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে	দ

আরবী অক্ষর	উচ্চারণ	যেভাবে হরফটি উচ্চারণ করতে হবে	বাংলায় ব্যবহৃত বর্ণ
ط	ত-	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে	ত্ব
ظ	জো	জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে হালকাভাবে উচ্চারিত হয়	জ
ع	আইন	কণ্ঠনালীর মধ্যখান হতে উচ্চারিত হয় ع-এর সাথে যের হলে ع-এর সাথে যের এবং তারপরে يْ হলে ع-এর উপর পেশ হলে ع-এর উপর পেশ এবং তারপরে وْ হলে	'আ 'ই 'ঈ 'উ 'ঊ
غ	গইন	কণ্ঠনালীর অগ্রভাগ হতে উচ্চারিত হয়	গ
ف	ফা	নিচের ঠোঁটের পেট, সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে	ফ
ق	ক্ব-ফ	জিহ্বার গোড়া, তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	ক্ব
ك	কাফ	জিহ্বার গোড়া হতে একটু আগে বাড়িয়ে তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	ক
ل	লাম	জিহ্বার আগার কিনারা উপরের সামনে এক পাশের দাঁতের মাড়ীর সঙ্গে লাগিয়ে	ল
م	মীম	দুই ঠোঁটের মাঝখানের শুকনা জায়গা হতে	ম
ن	নূন	জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে	ন
و	ওয়াও	দুই ঠোঁটের মাঝখানের শুকনা জায়গা হতে	ওয়া
ه	হা	কণ্ঠনালীর গোড়া হতে উচ্চারিত হয়	হ
ء	হামযা	কণ্ঠনালীর গোড়া হতে উচ্চারিত হয়	আ/ই/উ
ى	ইয়া	মুখের ভিতর খালি জায়গা হতে বাতাসের সাথে উচ্চারিত হবে।	ইয়া

বিশুদ্ধ উচ্চারণে কুরআন তিলাওয়াত

তিলাওয়াতকালে হর্ফের উচ্চারণ যথাযথভাবে সুন্দর এল্হানে স্পষ্টভাবে তিলাওয়াত করতে হবে। কারণ, মিষ্টি ও মধুর স্বরে কুরআন শরীফ তিলাওয়াত করার জন্য হাদীস শরীফে তাকীদ করা হয়েছে। বিশুদ্ধ উচ্চারণে কুরআন তিলাওয়াত করার জন্য তাজভীদ সম্পর্কে ধারণা থাকা অপরিহার্য। তাই নিম্নে তাজভীদের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় অতি সহজে বুঝার উপযোগী করে উল্লেখ করা হলো; তিলাওয়াতের সময় এই নিয়ম মেনে চললে বিশুদ্ধ উচ্চারণ সম্ভব হবে।

মাদ্দের ব্যবহার ঃ (১) খাড়া যবর, খাড়া যের, উল্টা পেশকে মাদ্দের হারকাত বলে। কোন হরফের উপর এ চিহ্ন থাকলে সে হরফ হারকাতসহ এক আলিফ লম্বা করে পড়তে হয়। যথা- اَللّٰهُ - بِهٖ - لَهٗ - তাছাড়া যবরের বাম পাশে খালি আলিফ, যেরের বাম পাশে জযমওয়ালা ইয়া এবং পেশের বাম পাশে জযমওয়ালা ওয়াও-কে মাদ্দের হরফ বলে। মাদ্দের হরফের ডান দিকের হারকাত এক আলিফ লম্বা করে পড়তে হয়। যথা- قَالَ- فِيْهِ - يَقُوْلُ

(২) কোন ওয়াকফে দম ছাড়লে এবং ওয়াকফের পূর্বে দুই যবর, ইয়া বা ওয়াও থাকলে, যবর বা যেরের বামে খালি ইয়া, পেশের বামে খালি ওয়াও থাকলে এক আলিফ লম্বা করে পড়তে হয়।

(৩) মাদ্দের হারকাতযুক্ত হরফ বা মাদ্দের হরফের বাম পাশে হারকাত বা তানবীনওয়ালা আলিফ (আলিফে হারকাত বা তানবীন হলে হামযা হয়ে যায়) থাকলে এক আলিফের পরিবর্তে তিন আলিফ লম্বা করে পড়তে হয়।

(৪) কোন ওয়াক্ফে দম ছাড়লে এবং তারপূর্বে মাদ্দের হরফ থাকলে অথবা মাদ্দের হরফের বাম পাশে আরদ্বী সাকিন হলে তাকে তিন আলিফ পরিমাণ লম্বা করে পড়তে হয়। যেমন- تَعْمَلُوْنَ (যের, যবর, পেশ, ২ যের এবং ২ পেশ- এ ৫ জায়গায় দম ছাড়লে মনে মনে সাকিন ধরতে হয়। একে আরদ্বী সাকিন বলে।)

(৫) মাদ্দের হরফের পরে একই শব্দে গোল হামযা (ء) থাকলে চার আলিফ দীর্ঘ করে পড়তে হয়। যেমন- جَآءَ এবং মাদ্দের হরফের পর অন্য শব্দের প্রথমে আলিফের আকারে হামযা থাকলে তিন আলিফ লম্বা করে পড়তে হয়। যেমন- مَآ اُنْزِلَ

শিষ দিয়ে উচ্চারণ- س، ص এবং ز হরফে সর্বাবস্থায় শিষ দিয়ে উচ্চারণ করতে হবে।

স্বর ধ্বনির উচ্চারণ- আরবীতে যবর-এর উচ্চারণ বাংলায় 'আ'-কারের মত হবে। যের-এর উচ্চরণ বাংলায় 'ি'-কারের মত এবং পেশ-এর উচ্চারণ বাংলায় 'ু'-কারের মত হবে। আরবীতে 'ে'-কার কিংবা 'ো'-কারের কোন ব্যবহার নেই। তাই যের-এর উচ্চারণ কখনোই 'ে'-কার কিংবা পেশের উচ্চারণ 'ো'-কার হবে না।

লীনের ব্যবহার- লীন অর্থ হালকা। লীনের হরফ দুইটি। যথা - (১) যবরের বাম পাশে জযমওয়ালা ওয়াও (و) লীনের হরফ। যেমন- بَوْ এবং (২) যবরের বাম পাশে জযমওয়ালা ইয়া (ي) লীনের হরফ। যেমন- بَيْ লীনের হরফ হলে ডান দিকের হারকাতের সাথে হালকাভাবে তাড়াতাড়ি পড়তে হবে।

কুরআন শরীফে ব্যবহৃত ওয়াক্ফের (বিরতির) চিহ্ন এবং তার বিবরণ

O — এই চিহ্নকে ওয়াকফে তাম বলে। আয়াত শেষে হলে এরূপ চিহ্ন দেয়া হয়। এরূপ ক্ষেত্রে ওয়াক্ফ করতে হবে। তবে ওয়াক্ফে তাম-এর উপরে অপর কোন ওয়াক্ফ চিহ্ন থাকলে সে চিহ্ন অনুযায়ী ওয়াক্ফ করতে হবে।

م — এই চিহ্নকে ওয়াকফে লাযেম বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করা জরুরী। অন্যথায় অর্থ পরিবর্তন হয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

ط — এই চিহ্নকে ওয়াকফে মতলক্ব বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করা উত্তম।

ج — এই চিহ্নকে ওয়াকফে জায়েয বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করা না করা উভয়ই জায়েয। তবে ওয়াক্ফ করা উত্তম।

ز — এই চিহ্নকে ওয়াকফে মুজাওয়ায বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করা না করা উভয়ই জায়েয। তবে ওয়াক্ফ না করা উত্তম।

ل — এই চিহ্নকে ওয়াকফে মান্যিল বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করতে হয়।

ص — এই চিহ্নকে ওয়াকফে মুরাখ্খাছ বলে। এরূপ স্থানে ওয়াক্ফ না করে পরের শব্দের সাথে মিলিয়ে পড়া ভাল। তবে নিঃশ্বাস শেষ হয়ে আসলে ওয়াক্ফ করা জায়েয।

قف — এই চিহ্নকে ওয়াকফে আমর বলে। এরূপ স্থানে ওয়াক্ফ করা উত্তম।

ق — এই চিহ্নকে ক্বীলা আলাইহি ওয়াক্ফুন্ বলে। কেউ কেউ এরূপ স্থানে ওয়াক্ফ করার পক্ষে এবং কেউ কেউ না করার পক্ষে অভিমত পেশ করেছেন। তবে অধিকাংশের অভিমত ওয়াক্ফ না করা উত্তম।

لا — এই চিহ্নকে লা ওয়াক্ফা আলাইহি বলে। এরূপ স্থানে ওয়াক্ফ না করে পরের শব্দের সাথে মিলিয়ে পড়তে হবে।

صلے — এই চিহ্নকে আল ওয়াছ্লু আওলা বলে। এরূপ স্থানে ওয়াক্ফ না করা উত্তম। তবে ওয়াক্ফ করলেও ক্ষতি নেই।

سكتة — এই চিহ্নকে সাক্তাহ্ বলে। এরূপ স্থানে স্বর ভঙ্গ করতে হয়; কিন্তু দম ছাড়তে হয় না।

وقفة — এরূপ চিহ্নিত স্থানে দম ছাড়তে হয় না; কিন্তু স্বর দীর্ঘ ভঙ্গ করতে হয়, যাতে ওয়াক্ফ করার নিকটবর্তী হয়।

∴ — এই চিহ্নকে মু'আনাক্বা বলে। শব্দ কিংবা বাক্যের ডানে এবং বামে দু'পাশে এই চিহ্ন দেয়া হয়। তিলাওয়াতকালে এরূপ ক্ষেত্রে প্রথম স্থানে ওয়াক্ফ করলে দ্বিতীয় স্থানে মিলিয়ে পড়তে হয়। অথবা প্রথম স্থান মিলিয়ে পড়লে দ্বিতীয় স্থানে ওয়াক্ফ করতে হয়।

م — এই চিহ্নকে ওয়াক্ফে নবী বলে।এরূপ স্থানে ওয়াক্ফ করা অতি উত্তম।

غ — এই চিহ্নকে ওয়াক্ফে গোফরান বলে।এরূপ স্থানে ওয়াক্ফ করা অতি উত্তম। কারণ এরূপ স্থানে ওয়াক্ফ করলে গুনাহ্ মাফ হয়।

ك — এই চিহ্নকে ওয়াক্ফে জিবরাঈল বলে।এরূপ স্থানে ওয়াক্ফ করা বরকতপূর্ণ।

সাজদা- কুরআন শরীফে মোট ১৪ স্থানে (ইমাম শাফেয়ীর মতে ১৫ স্থানে) তিলাওয়াতে সাজদা আছে। সাজ্দার আয়াত তিলাওয়াত করলে সঙ্গে সঙ্গে উঠে দাঁড়িয়ে اَللّٰهُ اَكْبَرُ বলে সাজ্দা করতে হবে। সাজদারত অবস্থায় তিন বার سُبْحَانَ رَبِّىَ الْاَعْلٰى পড়ে পুনরায় اَللّٰهُ اَكْبَرُ বলে সাজদা থেকে উঠতে হবে। কোন কারণবশত তাৎক্ষণিকভাবে সাজদা করা সম্ভব না হলে পরবর্তীতে অবশ্যই সাজদা করতে হবে।

আলিফে যায়িদা- যে আলিফ লেখায় আসে; কিন্তু পড়ায় আসে না তাকে আলিফে যায়িদা বলে। এরূপ আলিফের উপর ক্ষুদ্র বৃত্ত (০) দেয়া হয়েছে।

ع-রুকূ'র চিহ্ন। ع হরফের উপরের নাম্বারটি সূরার রুকূ'র সংখ্যা, নিচের নাম্বারটি পারার রুকূ'র সংখ্যা এবং মধ্যের নাম্বারটি দু' রুকূ'র মধ্যবর্তী আয়াতের সংখ্যা বুঝানো হয়েছে।

ক্ষমা প্রার্থনা বা ইস্তেগফার-২

মুমিনগন! তোমরা আল্লাহর নিকট আন্তরিকভাবে তওবা করো, তাহলে তোমাদের প্রতিপালক তোমাদের মন্দকর্মসমূহ মিটিয়ে দেবেন এবং তোমাদেরকে জান্নাতে প্রবেশ করাবেন। যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত। [সূরা আত্ তাহরিমঃ ৮]

অবশ্যই ভালো কাজসমূহ মুছে ফেলে মন্দ কাজসমূহকে
[সূরা হুদঃ ১১৪]

রাসুল (সাঃ) বলেছেনঃ- যে ব্যক্তি বলেঃ "আস্তাগফিরুল্লাহিল্লাযী লা-ইলাহা ইল্লা হুওয়াল হাইয়্যুলকাইয়্যুম ওয়া আতূবু ইলাইহি"। -তার পাপ সমূহ ক্ষমা করে দেয়া হবে। এমনকি সে রণক্ষেত্র হতে পলায়ণ করার মতো পাপ করলেও।
[আবু দাউদ, তিরমিযী]

তুমি যেখানে অবস্থান কর না কেন আল্লাহকে ভয় কর। প্রত্যেক মন্দ কাজের পর ভাল কাজ কর -যা তাকে (মন্দ কাজ সমূহকে) মুছে দেবে। আর মানুষের সাথে ভাল ব্যবহার কর।
[তিরমীযি]

প্রতিটি মানুষই ভুলকারী, আর ভুলকারীদের মধ্যে তারাই উত্তম যারা তওবাকারী।
[তিরমিযী]

ক্ষমা প্রার্থনা বা ইস্তেগফার-১

যে ব্যক্তি নিয়মিত ভাবে ইস্তেগফার করবে আল্লাহপাক তার সকল সংকট থেকে উত্তরণের পথ বের করে দিবেন, সকল দুঃশ্চিন্তা মিটিয়ে দিবেন এবং অকল্পনীয় উৎস থেকে তার রিজিকের সংস্থান করে দিবেন।

[আবু দাউদ, ইবনে মাজাহ্]

"(হে নবী) নিজের ত্রুটির জন্য এবং মুমিন পুরুষ ও নারীর জন্য ক্ষমা প্রার্থনা করুন" [সূরা মুহাম্মদঃ ১৯]

আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করুন। তিনি বড়ই ক্ষমাশীল ও দয়ালু। [সূরা নিসাঃ ১০৬]

অতঃপর তুমি তোমার রবের প্রসংশা কর এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা কর। অবশ্যই তিনি তাওবা কবুলকারী।

[সূরা নাসরঃ ৩]

রাসূলুল্লাহ (সঃ) বলেছেন : সেই সত্তার শপথ যার হাতে আমার জান ! তোমরা যদি পাপ না করতে, তাহলে আল্লাহ্ তাআলা তোমাদেরকে সরিয়ে দিয়ে অপর এক জাতিকে প্রেরণ করতেন,যারা পাপ করে আল্লাহ্ তাআলার কাছে ক্ষমা চাইত আর তিনি তাদেরকে ক্ষমা করে দিতেন।

[মুসলিম]

ক্ষমা প্রার্থনা বা ইস্তেগফার-২

মুমিনগণ! তোমরা আল্লাহর নিকট আন্তরিকভাবে তওবা কর, তাহলে তোমাদের প্রতিপালক তোমাদের মন্দকর্মসমূহ মিটিয়ে দেবেন এবং তোমাদেরকে জান্নাতে প্রবেশ করাবেন। যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত। [সূরা আত্ তাহরিম: ৮]

অবশ্যই ভালো কাজসমূহ মুছে ফেলে মন্দ কাজসমূহকে
[সূরা হুদ: ১১৪]

রাসুল (সাঃ) বলেছেন:- যে ব্যক্তি বলে: "আস্তাগফিরুল্লাহিল্লাযী লা-ইলাহা ইল্লা হুওয়াল হাইয়্যুলকাইয়্যুম ওয়া আতূবু ইলাইহি"।
-তার পাপ সমূহ ক্ষমা করে দেয়া হবে।
এমনকি সে রণক্ষেত্র হতে পলায়ণ করার মতো পাপ করলেও।
[আবু দাউদ, তিরমিযী]

তুমি যেখানে অবস্থান কর না কেন আল্লাহকে ভয় কর। প্রত্যেক মন্দ কাজের পর ভাল কাজ কর -যা তাকে (মন্দ কাজ সমূহকে) মুছে দেবে। আর মানুষের সাথে ভাল ব্যবহার কর।
[তিরমীযি]

প্রতিটি মানুষই ভুলকারী, আর ভুলকারীদের মধ্যে তারাই উত্তম যারা তওবাকারী।
[তিরমিযী]

আল্লাহর উপর ভরসা (তাওয়াক্কুল)

"যখন তুমি দৃঢ়ভাবে ইচ্ছা করবে, তখন আল্লাহর উপর ভরসা করবে। নিশ্চয় আল্লাহ্ ভরসাকারীদের ভালবাসেন।"
[সূরা আল ইমরান- ১৫৯]

"আর যে আল্লাহকে ভয় করে, আল্লাহ্ তার জন্যে নিষ্কৃতির পথ করে দেবেন। এবং তাকে তার ধারণাতীত জায়গা থেকে রিযিক দেবেন। যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করে তার জন্য তিনিই যথেষ্ট। [সূরা ত্বালাক-২,৩]

রাসূলুল্লাহ্ (সঃ) বলেন:
কোন ব্যক্তি যদি অভাবী হয়, অতঃপর তার অভাবের কথা মানুষের কাছে পেশ করে,তবে তার অভাব দূর করা হবে না। আর যে ব্যক্তি তা আল্লাহর কাছে পেশ করে, অনতিবিলম্বে আল্লাহ্ তাকে অভাব মুক্ত করে দিবেন। [আবু দাউদ]

আল্লাহ লজ্জাশীল ও দাতা:

রাসূলুল্লাহ্ (সঃ) বলেছেন:
তোমাদের আল্লাহ লজ্জাশীল ও দাতা,
কোন বান্দা তাঁর নিকট দু'হাত উঠালে তিনি খালি ফিরিয়ে দিতে লজ্জাবোধ করেন।

[তিরমিযী, আবু দাউদ, মিশকাত]

কি চমৎকার একটি কোরআনিক দো'আ!!

"রাব্বিস্ রাহলি সাদরি। ওয়া ইয়াসসীর লী আমরি।
ওয়াহলুল উকদাতাম্ মিল লিসানী। ইয়াফ্কাহু কাওলী"।
[সূরা তোয়া-হা : ২৫-২৮]

অর্থ: "হে আমার মালিক আমার বক্ষ প্রসস্থ করে দাও। আমার কাজ সহজ করে দাও। আমার জিব্বা থেকে জড়তা দূর করে দাও। যেনো ওরা আমার কথা বুঝতে পারে।"

রাসুলুল্লাহ (সঃ) বলেনঃ
"বান্দা সিজদার অবস্থায় স্বীয় প্রভুর সর্বাধিক নিকটবর্তী হয়।
অতএব তোমরা অধিক মাত্রায়
(ঐ অবস্থায়) দো'আ কর। [মুসলিম,আবূ দাউদ]

তাকদির:

"কোন কিছুই তাকদিরকে পরিবর্তন করতে পারেনা দো'আ ব্যতীত। নিশ্চয়ই যে বিপদ নাযিল হওয়ার কথা ছিল, দো'আর কারণে তা উঠিয়ে নেয়া হয়, যে নিয়ামত অবতীর্ণ হওয়ার কথা ছিল না, তা অবতীর্ণ করা হয়। হে আল্লাহর বান্দাগন তোমরা বেশি বেশি দো'আ কর"।
[তিরমিযি]

৩ টি আমল আপনাকে নিয়ে যাবে জান্নাতে !

১। আয়াতুল কুরসি প্রতি ফরজ নামাজের পর (১ বার)
২। সূরা মূলক (প্রতি রাতে ১বার)
৩। সাইয়েদুল ইস্তেগফার (সকাল -বিকাল ১ বার করে)

রাসূলুল্লাহ (সঃ) বলেন:
'যে ব্যক্তি দৃঢ় বিশ্বাসের সাথে সাইয়েদুল ইস্তিগফার পাঠ করবে দিনে পাঠ করে রাতে মারা গেলে কিংবা রাতে পাঠ করে দিনে মারা গেলে, সে জান্নাতী হবে'
[বুখারী, মিশকাত]

সাইয়িদুল ইস্তিগফার

উচ্চারণ : আল্লা-হুম্মা আনতা রববী লা ইলা-হা ইল্লা আনতা খলাক্বতানী, ওয়া আনা 'আবদুকা ওয়া আনা 'আলা 'আহদিকা ওয়া ওয়া'দিকা মাসতাত্বা'তু, আ'উযুবিকা মিন শার্রি মা ছানা'তু। আবূউ লাকা বিনি'মাতিকা 'আলাইয়া ওয়া আবূউ বিযাম্বী ফাগফিরলী ফাইন্নাহূ লা ইয়াগফিরুয্ যুনূবা ইল্লা আনতা।

মূলক

রাসুলুল্লাহ (সাঃ) বলেনঃ
'কুরআনের তিরিশ আয়াতবিশিষ্ট এমন একটি সূরা আছে -যা তার পাঠকারীর জন্য সুপারিশ করবে এবং শেষাবধি তাকে ক্ষমা করে দেয়া হবে, সেটা হচ্ছে 'তাবা-রাকাল্লাযী বিয়্যাদিহিল মূলক' (সূরা মূলক)।
[আবূ দাউদ]

আয়াতুল কুরসী

(যে আমল করলে মৃত্যুর পরে সরাসরি জান্নাত) :
"যে ব্যক্তি প্রত্যেক ফরজ সালাতের পরে আয়াতুল কুরসী পাঠ করবে মৃত্যু ছাড়া জান্নাতে যেতে তার আর কোন বাধা নেই"।
[নাসাঈ]

সুরা বাকারার শেষ দুই আয়াত (আমানার রাছূলু)

"যে ব্যক্তি রাতের বেলা সূরা বাকারার শেষ দুই আয়াত পড়বে সেটা তার জন্য যথেষ্ঠ হবে"। [বুখারি , মুসলিম]

সূরা কাহাফ

"যে ব্যক্তি জুমু'আর দিন সূরা কাহাফ তিলাওয়াত করবে, আল্লাহ তা'আলা এ জুমু'আ থেকে পরবর্তী জুমু'আ পর্যন্ত তার জন্য নূরের আলো দ্বারা আলোকিত করে রাখবে"

"যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্থ করবে -সে দাজ্জালের ফেৎনা হতে রক্ষা পাবে"। [মুসলিম, আবু দাউদ]

সূরা ফাতিহা– আল্লাহর সাথে বান্দার কথোপকথন:

বান্দা যখন বলে: আল্হাম্দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন।
আল্লাহ তখন বলেন: আমার বান্দা আমার প্রশংসা করল।

যখন বান্দা বলে: আর্রাহ্মা-নির রাহিম।
তখন আল্লাহ বলেন: আমার বান্দা আমার গুণগান করল।

যখন বান্দা বলে: মা-লিকি ইয়াওমিদ্ দ্বীন।
আল্লাহ তখন বলেন: বান্দা আমার মর্যাদা বর্ণনা করল।

যখন বান্দা বলে: ইয়্যা-কা না'বুদু ওয়া ইয়্যা-কা নাস্তা'ঈন।
আল্লাহ তায়ালা তখন বলেন: এটা আমার ও আমার বান্দার মধ্যে বিভক্ত এবং বান্দার জন্য তা-ই রয়েছে যা সে চাইবে।

অতঃপর যখন বান্দা বলে: ইহ্দিনাছ ছিরা-ত্বাল্ মুস্তাক্বীম; ছিরা-ত্বাল্ লাযীনা আন্-'আম্তা 'আলাইহিম, গাইরিল্ মাগদূবি 'আলাইহিম ওয়া লাদ্দ্ব দ্বা-ল্লীন।

তখন আল্লাহ তা'য়ালা বলেন: এ সব তো আমার বান্দার জন্য এবং আমার বান্দা যা চাইবে তার জন্য তা-ই রয়েছে।

[সহীহ মুসলিম]

সূরা ইখলাস, ফালাক্ব ও নাছ ঃ

"নিঃসন্দেহে এটি (সূরা ইখলাস) কুরআনের এক তৃতীয়াংশের সমতুল্য"। [বুখারি, মুসলিম]

রাসুলুল্লাহ (সাঃ) সূরা ফালাক্ব ও নাছ দিয়ে জ্বিন ও বদনজর থেকে (আল্লাহর) কাছে আশ্রয় প্রার্থনা করতেন। [তিরমিজী]

কঠিন বিপদ থেকে মুক্তি পাবার অত্যন্ত সহজ দোয়া:

লা ইলাহা ইল্লা আন্তা সুবহানাকা ইন্নি কুনতু মিনাজ্ জালিমীন।
[সূরা আল আম্বিয়া: ৮৭]

অর্থ : তুমি ব্যাতীত কোন উপাস্য নাই, তুমি নির্দোষ, আমি গুনাহগার।

রাসূল (সাঃ) বলেন: যে ব্যক্তি হজরত ইউনুস (আঃ)-এর ভাষায় দোয়া করবে, সে যে সমস্যায়ই থাকুক আল্লাহ্তায়ালা তার ডাকে সাড়া দিবেন। [তিরমিজি]

রাতের শেষ তৃতীয়াংশের দু'আ:

"প্রতি রাতে যখন রাতের এক তৃতীয়াংশ অবশিষ্ট থাকে তখন আমাদের প্রতিপালক পৃথিবীর নিকটবর্তী আকাশে অবতরণ করেন। তখন তিনি বলেন: কে আছে আমার কাছে দু'আ করবে আমি কবুল করব, কে আমার কাছে তার যা দরকার প্রার্থনা করবে আমি তাকে তা দিয়ে দেব, কে আমার কাছে ক্ষমা প্রার্থনা করবে আমি ক্ষমা করে দেব"। [বুখারী]

আল্লাহই তাওফীক প্রদানকারী

বাংলা অনুবাদ যতই সুনিপুণ হোক না কেন তা আল্লা...
অমিয় বাণীর মর্মার্থ পুরোপুরি আদায়ে সক্ষম নয়।

কোরআনের অনুবাদ হলো অনুবাদকের মেধাশক্তি দিয়ে কোরআনকে বুঝার প্রয়াস মাত্র, যার মধ্যে অনিচ্ছাকৃত মানবীয় ভুলত্রুটি, অপূর্ণতা থাকা অস্বাভাবিক নয়।

সম্মানিত তেলাওয়াতকারী ও পাঠকের প্রতি অনুরোধ কোন প্রকার অপূর্ণতা নজরে আসলে আমাদের জানাবেন যেন পরবর্তী মুদ্রণে তা সংশোধন করা যায়।

যাদের উদ্যোগ ও উছিলায় এই কালার কোডেড সহজ কোরআন আপনার হাতে পৌছেঁছে - তাদের জন্য আপনার দোয়া ও মোনাজাতের একাংশে আল্লাহর কাছে মাগফেরাত ও জান্নাত চাইবেন ইনশাআল্লাহ। সেই সাথে সমস্ত মুসলিম মিল্লাতকে অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

হে আল্লাহ, আপনি এই চেষ্টা কবুল করে নিয়ে পাঠক সহ সবাইকে বিনা হিসাবে জান্নাতুল ফেরদৌস প্রদান করুন।

REVISED 3rd EDITION

নিবেদক
ওয়ান পাবলিকেশন
লন্ডন। ০১/০৯/২০১৮

E-mail: one.publication@yahoo.com
+447404678814



ওয়ান পাবলিকেশন

কালার কোডেড উচ্চারণ ও অনুবাদসহ

সহজ কোরআন

Design in London by :

ONE PUBLICATION
152-160 City Road,
London EC1V 2NX,UK
+ 44740 467 8814
Email : one.publication@yahoo.com



ওয়ান পাবলিকেশন
©কপিরাইট

REVISED 3rd EDITION

অনুবাদ : মুহাম্মদ ইব্রাহীম ইবনে আদম
প্রকাশক ও কপিরাইট : আবু মায়মূনা ইসলাম নুসাইবাহ

প্রাপ্তিস্থান(লন্ডন)

- **AL-MANAR**
+44 20 7377 9998
- **East London Mosque**
- **Zam Zam**
- **East London Book Shop**

বাংলাদেশ পরিবেশক SHEIKH THE GREAT
৪০/২ নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা
ফোন : ০১৭৯২৩৫১৮৬৮

Wafi Life

Hadiya - £4.99
ISBN 978-0-17-923518-2



রাসূল (সঃ) হতে বর্ণিত আল্লাহ বলেনঃ

"হে আদম সন্তান,
আমার ইবাদতের জন্য তুমি নিজের
অবসর সময় তৈরী কর ও ইবাদতে
মন দাও। তাহলে তোমার অন্তরকে
প্রাচুর্য দিয়ে ভরে দেব এবং তোমার
দারিদ্রতা ঘুচিয়ে দেব। যদি তা না কর,
তাহলে তোমার হাতকে কর্মব্যস্ততায়
ভরে দেব এবং তোমার অভাব
কখনোই দূর করব না"

[তিরমিযী, ইবনে মাজাহ]

…"যদি কৃতজ্ঞতা স্বীকার কর তবে তোমাদেরকে আরো দিব এবং যদি অকৃতজ্ঞ হও তবে নিশ্চয় আমার শাস্তি হবে কঠোর"

(সূরা ইব্রাহীম-৭)

…"তারা যতক্ষণ ক্ষমা প্রার্থনা করতে থাকবে, আল্লাহ কখনও তাদের উপর আযাব দেবেন না।"

(সূরা আল আনফাল-৩৩)

জেনে রাখ,
আল্লাহর
যিকির দ্বারাই
অন্তর সমূহ
শান্তি পায়।

[সূরা রাদঃ২৮]

বলেনঃ
জের
দতে
রকে
মার
া কর,
তায়
ব

"অতপর যখন তোমরা
নামায শেষ কর,
তখন দাঁড়িয়ে, বসে
ও শায়িত অবস্থায়
আল্লাহর যিকির কর"

[সূরা নিসাঃ ১০৩]

...আমি কোরআনকে বুঝার জন্য
সহজ করে দিয়েছি ... (৫৪:১৭)

কালার কোডেড উচ্চারণ ও অনুবাদ সহ

সহজ কোরআন

আমলের ১৩টি ফজিলতপূর্ণ সূরাসহ
সহজ ৪৭ টি সূরা

